ত্রিপুরার প্রথম দৈনিক

জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৭ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 20 June, 2021 ■ আগরতলা ২০ জুন, ২০২১ ইং ■ ৫ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ, রবিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

করোনার প্রকোপে মাধ্যমিক উচ্চমাধ্যমিক পরীক্ষা বাতিল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।। করোনার প্রকোপে ত্রিপুরায় বাতিল করা হয়েছে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা। তবে ছাত্রছাত্রীদের মূল্যায়ন প্রক্রিয়ার নীতি নির্ধারণে বিশেষজ্ঞ কমিটি গঠন করবে ত্রিপুরা সরকার। ৩১ জুলাইয়ের মধ্যে ফলাফল ঘোষণা করা হবে। এক্ষেত্রে ফলাফলে অসন্তুষ্ট ছাত্রছাত্রীরা করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর পরীক্ষা দিতে পারবে।

আজ শনিবার শিক্ষামন্ত্রী রতনলাল নাথ সাংবাদিক সম্মেলনে বলেন, এবার মোট ৭৩,৮১৮ জন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী রয়েছে। তাদের মধ্যে মাধ্যমিকে ৪৬,৬১৩ জন এবং উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী রয়েছে ২৭,২০৩ জন। তিনি বলেন, করোনার প্রকোপে পর্ষদ পরিচালিত পরীক্ষা স্থগিত রাখা হয়েছিল। পরীক্ষা নিয়ে সিদ্ধান্ত গ্রহণে বিশেষজ্ঞদের নিয়ে বৈঠকও হয়েছে। শুধু তা-ই নয়, পরীক্ষা নিয়ে অনলাইনে অভিভাবকদের মতামত সংগ্রহ করেছে শিক্ষা দফতর। তাতে অধিকাংশ অভিভাবক পরীক্ষা হোক চাইছেন না, এমনটাই মত দিয়েছেন।

তাঁর কথায়, মাধ্যমিক পরীক্ষার জন্য ২১,৯৮২ জন অভিভাবক অনলাইনে মতামত দিয়েছেন। তাঁদের মধ্যে ১৬.৭৬ শতাংশ চাইছেন পরীক্ষা হোক। কিন্তু ৮৩.২৪ শতাংশ চাইছেন না পরীক্ষা হোক। তেমনি, উচ্চমাধ্যমিক পরীক্ষায় ৯.৯৪ শতাংশ অভিভাবক চেয়েছেন পরীক্ষা হোক এবং ৯০.০৬ শতাংশ অভিভাবক পরীক্ষার বিপক্ষে ভোট দিয়েছেন। তিনি বলেন, সমস্ত বিষয় দেখার পর মধ্যশিক্ষা পর্ষদের সাথে পরীক্ষা নিয়ে বৈঠক করেছি। দীর্ঘ আলোচনার পর সিদ্ধান্ত হয়েছে ২০২১ সালে ১৮ মে থেকে সূচি নির্ধারিত মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্থগিত রাখা হয়েছিল তা বাতিল করা হচ্ছে। কারণ, করোনা পরিস্থিতির আশানুরূপ উন্নতি হয়নি।

সাথে তিনি যোগ করেন, পরীক্ষা বাতিল করা হলেও, ছাত্রছাত্রীদের নম্বর দেওয়ার জন্য বিশেষজ্ঞ কমিটি গঠন করা হবে। ওই বিশেষজ্ঞ কমিটির সুপারিশ মেনেই ছাত্রছাত্রীরা নম্বর পাবে। এক্ষেত্রে, প্রাপ্ত নম্বর নিয়ে অসন্তুষ্ট ছাত্রছাত্রী করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পরীক্ষা দিতে পারবে। তিনি জানান, ৩১ জুলাইয়ের মধ্যে ফলাফল ঘোষণা করা হবে।

শিক্ষামন্ত্রীর কথায়, আগামী সোমবার পূর্ব নির্ধারিত বৈঠক অনুষ্ঠিত হবে। ওই বৈঠকে বিশেষজ্ঞ কমিটি গঠন করা হবে। ওই কমিটি ছাত্রছাত্রীদের মূল্যায়নে নীতি নির্ধারণ করবে।

৬ সপ্তাহ পরই ভারতে আছড়ে পড়তে পারে তৃতীয় ঢেউ, দাবি এইমস প্রধানের

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.)।। আগামী ৬ থেকে ৮ সপ্তাহের মধ্যেই দেশে করোনা সংক্রমণের তৃতীয় ঢেউ আছড়ে পড়তে পারে। এইমস প্রধান ডঃ রণদীপ গুলেরিয়া। ডেল্টা প্লাস ভ্যারিয়েন্ট এই ঢেউয়ের মূল কারণ হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন এইমস প্রধান। তিনি বলেন, শীঘ্রই সকল দেশবাসীর টিকাকরণ হলে এই ঢেউয়ের সঙ্গে লড়াই করা যেতে পারে। অনেক বিশেষজ্ঞেরই মত ছিল আগামী অক্টোবর, নভেম্বর নাগাদ দেশে আছড়ে পড়তে পারে কোভিডের তৃতীয় ঢেউ। তবে এবার এইমস প্রধান ডঃ রণদীপ গুলেরিয়া দাবি করলেন যে

আগামী ৬ থেকে ৮ সপ্তাহের মধ্যেই দেশে করোনা সংক্রমণের তৃতীয় ঢেউ আছড়ে পড়তে পারে। ডেল্টা প্লাস নিয়ে এইমস প্রধান বলেন, ”সঠিক জিনোম সিকোয়েন্সিংয়ের মাধ্যমে ভাইরাসের এই নয়া রূপের চরিত্র বুঝতে হবে আমাদের। মনোক্লোনাল চিকিৎসা কি এতে প্রযোজ্য হবে কি না, তাও দেখতে হবে। সবচেয়ে আগে যেটা করা প্রয়োজন, সেটা হল দেশের গবেষণাগারগুলিতে যাতে ☛ ৬ এর পাতায় দেখুন

রাজ্যে কমছে দৈনিক সংক্রমণ, কিন্তু থামছে না মৃত্যু, স্বস্তি সুস্থতায়

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।। আবারও স্বস্তি দিয়ে কমেছে দৈনিক সংক্রমণ। তবে মৃত্যু মিছিল থামছে না। তেমনি, পশ্চিম ত্রিপুরা জেলা সংক্রমণে শীর্ষেই রয়েছে। অবশ্য দৈনিক সুস্থতার হার বৃদ্ধি অনেকটাই স্বস্তি দিয়েছে।

ত্রিপুরায় গত ২৪ ঘণ্টায় ১২,৬৬৮ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাতে ৪৪৩ জনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। দৈনিক আক্রান্তের হার কমে হয়েছে ৩.৫০ শতাংশ। এদিকে, আরও চারজনের মৃত্যু ত্রিপুরায় করোনাকালে চিন্তা বাড়িয়েই রেখেছে। কারণ, প্রতিদিন করোনায় আক্রান্তের মৃত্যুর খবরে উদ্বিগ্ন গোটা রাজ্য। অবশ্য, গত ২৪ ঘণ্টায় ৬৬১ জন করোনা সংক্রমণ থেকে মুক্তিও পেয়েছেন। বর্তমানে ত্রিপুরায় সক্রিয় করোনা আক্রান্ত রয়েছেন ৪,০৫০ জন।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিন অনুসারে গত ২৪ ঘণ্টায় আরটি-পিসিআরে ১,১৪৩ এবং রেপিড অ্যান্টিজেনের মাধ্যমে ১১,৫২৫ জনকে নিয়ে মোট ১২,৬৬৮ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাতে, আরটি-পিসিআরে ৬১ জন এবং রেপিড অ্যান্টিজেনে ৩৮২ জনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। সব মিলিয়ে গত ২৪ ঘণ্টায় মোট ৪৪৩ জন নতুন করোনা সংক্রামিতের খোঁজ পাওয়া গেছে।

তবে, স্বস্তির খবরও রয়েছে। গত ২৪ ঘণ্টায় ৬৬১ জন করোনা সংক্রমণ থেকে মুক্তি পেয়েছে। তাতে, বর্তমানে করোনা আক্রান্ত সক্রিয় রোগী রয়েছেন ৪,০৫০ জন। প্রসঙ্গত, ত্রিপুরায় এখন পর্যন্ত ৬১,৭৮২ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে ৫৭,০২৫ জন করোনা সংক্রমণ থেকে মুক্তি পেয়ে সুস্থ হয়েছেন। বর্তমানে ত্রিপুরায় করোনায় আক্রান্তের হার হয়েছে ৫.১৬ শতাংশ। তেমনি, সুস্থতার হার বেড়ে হয়েছে ৯২.৩৯ শতাংশ। এদিকে মৃতের হার হয়েছে ১.০৪ শতাংশ। নতুন করে ৪ জনের মৃত্যুর ফলে এখন পর্যন্ত ত্রিপুরায় ৬৪৩ জন করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিনে আরও জানা গিয়েছে, ক্রমাগত পশ্চিম জেলা সংক্রমণে শীর্ষে থাকছে। গত ২৪ ঘণ্টায় নতুন করে পশ্চিম জেলায় ১৩৮ জন, দক্ষিণ জেলায় ৩২ জন, গোমতি জেলায় ২৯ জন, ধলাই জেলায় ৪৯ জন, সিপাহিজলা জেলায় ২৮ জন, উত্তর ত্রিপুরা জেলায় ৮৮ জন, উনকোটি জেলায় ৫৪ জন এবং খোয়াই জেলায় ২৫ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাতে দেখা যাচ্ছে, প্রত্যেক জেলায় করোনার সংক্রমণ অতি দ্রুতগতিতে ছড়িয়ে পড়ছে।

করোনায় মৃত্যুতে ২৫টি রাজ্য ও সংক্রমণে ২৬টি রাজ্যের হার ত্রিপুরা থেকে বেশি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।। করোনার তাণ্ডবে সারা দেশে ত্রাহি ত্রাহি রব উঠেছে। এই গুরুতর বিপর্যয়ে কঠিন লড়াই চালিয়ে যাচ্ছে ত্রিপুরা। তাতে, সাফল্য কতটা পাওয়া গেছে, এখনও তার মূল্যায়ন করার সময় হয়নি। কিন্তু করোনায় মৃত্যুতে ২৫টি রাজ্য এবং সংক্রমণে ২৬টি রাজ্যের হার ত্রিপুরা থেকে বেশি। অন্যদিকে, টিকাকরণে ত্রিপুরা শীর্ষ স্থান ধরে রেখেছে। কারণ, মোট জনসংখ্যার ৫ লক্ষাধিক ত্রিপুরাবাসীর ইতিমধ্যে টিকার দুটি ডোজ নেওয়া হয়ে গেছে।

আজ শনিবার শিক্ষামন্ত্রী বলেন, ত্রিপুরায় করোনার প্রথম ও দ্বিতীয় ঢেউয়ে এখন পর্যন্ত ১১ লক্ষ ৯৬ হাজার ৯৫৭ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাঁদের মধ্যে ৭১ হাজার ৭৮২ জনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। তবে, ৫৬ হাজার ৩৬৪ জন ইতিমধ্যে সুস্থ হয়ে গেছেন। বর্তমানে করোনায় আক্রান্ত সক্রিয় রোগীর সংখ্যা ৪,৭১৫ জন। এছাড়া, ৬৩৯ জনের করোনায় আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে। এদিন তিনি জানান, করোনা সক্রিয় রোগীদের মধ্যে ৪,২২৬ জন বাড়িতে আইসোলেশনে এবং ৪৮৯ জন প্রাতিষ্ঠানিক আইসোলেসনে রয়েছেন।

এদিন তিনি বলেন, রাজ্যে করোনায় মৃত্যুর হার ১.০৩ শতাংশ এবং আক্রান্তের হার ৩.৫০ শতাংশ। এক্ষেত্রে মৃত্যুতে ২৫টি রাজ্য এবং সংক্রমণে ২৬টি রাজ্যকে পিছনে ফেলে দিয়েছে ত্রিপুরা। তাঁর দাবি, করোনা আক্রান্তে জাতীয় গড় ৭.৬৬ শতাংশ, এক্ষেত্রেও ত্রিপুরা অনেক ভালো অবস্থায় রয়েছে।

সাথে তিনি যোগ করেন, টিকাকরণেও ত্রিপুরা শীর্ষ স্থান ধরে রেখেছে। এক তথ্য তুলে ধরে তিনি বলেন, ত্রিপুরা ১৮ লক্ষ ৫৮ হাজার ৬৬৭টি করোনার টিকা পেয়েছে। তাতে, প্রথম ডোজ পেয়েছেন ১৩ লক্ষ ২৬ হাজার ৯৮০ জন, যা জনসংখ্যার ৫১ শতাংশ। অন্যদিকে দ্বিতীয় ডোজ পেয়েছেন ৫ লক্ষ ৭১ হাজার ৬৮৭ জন। তিনি জানান, ১৮ থেকে ৪৪ বছর বয়সি ২ লক্ষ ৩৫ হাজার ৩৩ জনের টিকাকরণ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। এখনও ৩ লক্ষ ১১ হাজার ৯৬০টি টিকা মজুত রয়েছে।

মহিলা সংক্রান্ত অপরাধ নিয়ে ডিজিপি-কে স্মারকলিপি নারী সমিতির

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।। রাজ্যে নারী নির্যাতন, ধর্ষণ ও হত্যা কান্ডের ঘটনা উপর্যপুরি বৃদ্ধির পরিপ্রেক্ষিতে সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতির ত্রিপুরা রাজ্য কমিটির পক্ষ থেকে শনিবার রাজ্য পুলিশের মহানির্দেশক এর কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করা হয়েছে।

সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতির রাজ্য কমিটির এক প্রতিনিধি দল শনিবার সকালে রাজ্য পুলিশের সদর কার্যালয় পুলিশের মহানির্দেশক সঙ্গে সাক্ষাৎ করে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করেন। ডেপুটেশন ও স্মারকলিপিতে সাম্প্রতিক কালের কিছু ঘটনা উল্লেখ করে এসব বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য রাজ্য পুলিশের মহানির্দেশক হস্তক্ষেপ দাবি করা হয়েছে।

নারী সংগঠনের নেতৃবৃন্দ অভিযোগ করেছেন রাজ্যে নারী নির্যাতন ধর্ষণ ও হত্যাকাণ্ডের ঘটনা দিনের পর দিন বৃদ্ধি পেয়ে চলেছে। শিশু কিশোরী নাবালিকা এমনকি বৃদ্ধারা পর্যন্ত পৈশাচিক নির্যাতন ☛ ৬ এর পাতায় দেখুন

সন্দেহভাজন বাংলাদেশি অনুপ্রবেশকারীর মৃত্যু রাজ্যে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।। সন্দেহভাজন অনুপ্রবেশকারীর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে। অবৈধভাবে ত্রিপুরায় প্রবেশের পর গ্রামে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করতে দেখে গ্রামবাসীদের আক্রমণে ওই অনুপ্রবেশকারী গুরুতর আহত হয়েছিলেন। আজ শনিবার তার মৃত্যু হয়েছে।

বিএসএফ-এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের মুখ্য জনসংযোগ আধিকারিক আজ জানিয়েছেন, গত ১৩ জুন মধ্য রাতে উত্তর ত্রিপুরা জেলার সোনাইছড়ি গ্রামে অবৈধভাবে প্রবেশ করেন চার বাংলাদেশি। গ্রামবাসী তাদের দেখতে পেয়ে ধাওয়া করেন। তাতে, রাতের অন্ধকারের সুযোগে তিন অনুপ্রবেশকারী পালিয়ে যেতে সক্ষম হন। কিন্তু একজনকে গ্রামবাসীরা ধরে ফেলেন এবং তাকে উত্তম-মধ্যম দেন। তাতে ওই অনুপ্রবেশকারী গুরুতর আহত হন। গ্রামবাসীরা তাকে স্থানীয় হাসপাতালে ভর্তি করেন। সাথে বিষয়টি পুলিশের গোচরে নেন তারা। পরবর্তী সময়ে তাকে উন্নত চিকিৎসার জন্য ধর্মনগর জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছিল। পুলিশ ওই ঘটনায় মামলা নিয়ে তদন্ত শুরু করেছে।

তিনি জানান, গত ১৪ জুন সকাল সাড়ে নয়টা নাগাদ কদমতলা থানার পুলিশ বিষয়টি ইয়াকুবনগর বিওপি-র কোম্পানি কমান্ডারকে অবগত করেন। সে মোতাবেক কদমতলা থানায় একটি মামলা রুজু হয়। বিএসএফ এবং পুলিশের আধিকারিকরা ঘটনাস্থল পরিদর্শন করেন। তাঁর কথায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে ওই অনুপ্রবেশকারী বাংলাদেশের মৌলভিবাজার জেলার জারি থানাধীন কালামাটি গ্রামের বাসিন্দা সুমন মুণ্ডা (২৭) বলে পরিচয় দিয়েছেন। তার খারাপ শারীরিক অবস্থার কারণে এর বেশি তথ্য সংগ্রহ করা সম্ভব হয়নি। তবে, বিজিবি-র পক্ষ থেকে কোনও নিখোঁজ রিপোর্ট ☛ ৬ এর পাতায় দেখুন

রাষ্ট্রীয় ইন্ডিয়ান মিলিটারি কলেজে ভরতি হলে মিলবে বৃত্তি, ঘোষণা রাজ্য সরকারের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।। দেশ-মাতৃকার জন্য জীবন উৎসর্গের ভাবনাকে স্যালুট জানিয়ে ত্রিপুরার কৃতী সন্তানদের বার্ষিক বৃত্তি দেওয়ার ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। রাষ্ট্রীয় ইন্ডিয়ান মিলিটারি কলেজে ভরতি হলেই ত্রিপুরা সরকারের তরফে সংশ্লিষ্ট কৃতী সন্তানকে বার্ষিক ৬০ হাজার টাকা বৃত্তি দেওয়া হবে বলে জানিয়েছেন তিনি।

মুখ্যমন্ত্রী বলেন, কোভিডের এই সঙ্কটকালীন পরিস্থিতিতে ছাত্রছাত্রীদের পঠনপাঠনের ক্ষেত্রে প্রভাব পড়েছে। কিন্তু সেই বাধাবিঘ্ন কাটিয়ে অনেক ছাত্রছাত্রী পড়াশোনায় মনোনিবেশ করছেন এবং তাঁরা জাতীয় স্তরের বিভিন্ন পরীক্ষায় যোগ্যতার সঙ্গে উত্তীর্ণ হয়ে ত্রিপুরার নামকে উজ্বল করে তুলছেন।

তাঁর বক্তব্য, দেরাদুনে অবস্থিত রাষ্ট্রীয় ইন্ডিয়ান মিলিটারি কলেজে ২০১২ সালে সুযোগ পেয়েছিলেন উদয়পুরের সন্তান সৌরদীপ দত্ত। তিনি কয়েকদিন আগে সেনা অফিসারের দায়িত্বভার গ্রহণ করেছেন। মুখ্যমন্ত্রী তাঁকে অভিনন্দন জানিয়েছেন। সাথে তিনি যোগ করেন, সম্প্রতি উদয়পুরের আরও এক কৃতী সন্তান দেবজিৎ ঢালিও দেরাদুনের রাষ্ট্রীয় ইন্ডিয়ান মিলিটারি কলেজে (আরআইএমসি) সুযোগ পেয়েছেন। তাঁর কথায়, আরআইএমসি-র সহযোগিতায় প্রতি বছর দু-বার এসসিইআরটি ত্রিপুরা এই প্রবেশিকা পরীক্ষার আয়োজন করে। সরকার সিদ্ধান্ত নিয়েছে, এবার থেকে যাঁরা অষ্টম শ্রেণিতে জাতীয় এই গর্বের শিক্ষা প্রতিষ্ঠানে ভরতি হওয়ার পরীক্ষায় উত্তীর্ণ হবে তাঁদের বার্ষিক ৬০ হাজার টাকা করে বৃত্তি দেওয়া হবে।

তাঁর মতে, এই সকল কৃতী সন্তানদের সাফল্য রাজ্যের অন্যান্য ছাত্রছাত্রীদের অনুপ্রাণিত করবে। তিনি আশা প্রকাশ করে বলেন, রাজ্যের ছাত্রছাত্রীরা আরও বেশি করে জাতীয় স্তরে আগামী দিনে শিক্ষাক্ষেত্রে নিজেদের মেধাকে প্রতিষ্ঠিত করে ত্রিপুরার সম্মানকেও আরও অলঙ্কৃত করবে।

কল্যাণপুরে হেরোইন উদ্ধার উদয়পুরে জনতা ধরলেন নেশা পাচারকারী

নিজস্ব প্রতিনিধি, খোয়াই/উদয়পুর, ১৯ জুন।। শেষ পর্যন্ত কল্যানপুর থানার পুলিশের হাতে আটক প্রচুর পরিমাণে হেরোইন। নেশা বাণিজ্যের মুক্ত করিডোর তেলিয়ামুড়া- ঘিলাতলী সড়ক দিয়ে প্রতিনিয়তই নেশা সামগ্রীর আদান প্রদান হয় বলে দীর্ঘদিনের অভিযোগ ছিল। আজ সন্ধ্যা নাগাদ গোপন খবরে ঘিলাতলী ব্লক চৌমুহনীতে উৎ পেতে বসে পুলিশ। এরই মধ্যে একটি অল্ট্রো গাড়ি পুলিশকে দেখেই রাস্তার ঝোপে চালক গাড়ি বন্ধ করে চম্পট দেয়। শেষে পুলিশ তল্লাশি চালিয়ে দুই প্যাকেট হেরোইন উদ্ধার করে।

এদিকে, নেশা সামগ্রী বিক্রির দায়ে জনগণের হাতে উত্তম মধ্যম খাওয়ার পর পুলিশের হাতে আটক দুই যুবক। ঘটনা উদয়পুর রাধাকিশোরপুর থানার অন্তর্গত গকুলপুর রাঙ্গামাটি গ্রাম পঞ্চায়েত সংলগ্ন এলাকায়। একদল যুবক দীর্ঘ দিন ধরে নেশাদ্রব্য বিক্রির সাথে জড়িত রয়েছে বলে এলাকাবাসী অভিযোগ করেন। দীর্ঘদিন যাবৎ নেশা দ্রব্য বিক্রি করে আসছে উদয়পুর গকুলপুর এগ্রিকালচার চৌহমুনি ☛ ৬ এর পাতায় দেখুন

রাজ্যের অন্যান্য স্থানের মতো খোয়াইয়েও পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে ডিওয়াইএফআই’র বিক্ষোভ কর্মসূচী। ছবি নিজস্ব।

মাংস বিক্রিকে কেন্দ্র করে বিবাদের জেরে যুবককে পিটিয়ে খুন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।। মাংস বিক্রিকে কেন্দ্র করে বিবাদের জেরে যুবককে পিটিয়ে খুন করা হয়েছে। চাঞ্চল্যকর এই ঘটনাটি সংঘটিত হয় পশ্চিম থানাধীন কালিকাপুর এলাকায়। মৃত ব্যক্তির নাম সমির দাস।

মাংস বিক্রিকে কেন্দ্র করে রাজধানীর আগরতলা শহর সংলগ্ন কালিকাপুর এলাকায় এক ব্যক্তিকে হত্যা করেছে শিমুল দাস নামে এক যুবক। নিহত ব্যক্তির নাম সমীর দাস। বাড়ি কালিকাপুর দাসপাড়ায়। ঘটনার বিবরণে জানা যায় সমীর দাস একটি মাংসের দোকানে কাজ করতো। দোকানের মালিকের নাম ভাস্কর দাস। গত শনিবার শিমুল দাস নামে এক যুবক দোকানে মাংস নিতে আসে। শিমুল দাস এর আগে আরও দু তিনজন মাংস দেওয়ার জন্য অপেক্ষা করছিল। কিন্তু শিমুল দাস তাকে প্রথম মাংস দিয়ে দিতে চাপাচাপি করে। এ নিয়ে দুজনের মধ্যে বাকবিতণ্ডা হয়।

এর জের ধরেই শিমুল দাস মাংস দোকানের কর্মচারী সমীর দাসকে বেধড়ক মারধর করে। তার মাথায় প্রচন্ড আঘাত লাগে। আশঙ্কাজনক অবস্থায় তাকে আইজিএম হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তার শারীরিক অবস্থার অবনতি ঘটতে থাকায় মঙ্গলবার আইজিএম হাসপাতাল থেকে তাকে জিবি হাসপাতালে স্থানান্তর করা হয়। শনিবার সকাল ৬ টা নাগাদ জিপি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এ ব্যাপারে পরিবারের তরফ থেকে অভিযুক্ত শিমুল দাস এর বিরুদ্ধে রামনগর আউটপোস্টে একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়।

শনিবার সকালে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়তেই এলাকায় তীব্র ক্ষোভ ও উত্তেজনা দেখা দেয়। ঘটনা সম্পর্কে জানতে চাওয়া হলে মাংস বিক্রির দোকানের মালিক ভাস্কর দাস জানান তার সামনে ঘটনাটি ঘটেছে। ☛ ৬ এর পাতায় দেখুন

জুয়ার আসরে সংঘবদ্ধভাবে হামলায় এক ব্যক্তি ঘায়েল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।। সিমনার বিদ্যাসাগর গ্রামের বৈরাগীপাড়ায় জুয়ার আসরে আক্রান্ত হয়েছেন এক ব্যক্তি। তাকে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে।

জুয়ার আসর থেকে ছেলেকে ফিরিয়ে আনতে গিয়ে জুয়ার আসরে থাকা ছেলের বন্ধুদের হাতে আক্রান্ত বাবা ইন্দ্রজিৎ সরকার। ঘটনা সিমনার বিদ্যাসাগর গ্রামের বৈরাগী পাড়াতে ।দফায় চলে মারপিট ।লিখিত অভিযোগ দায়ের করা হয় সুন্দরটিলা ফাঁড়িতে।

অভিযুক্তদের নাম ধামও জানানো হয়েছে পুলিশকে ।জানা যায় ঝামেলার সূত্রপাত গতকাল গভীর রাত থেকে ।চলতে থাকে তা শনিবার দিন দুপুর পর্যন্ত ।বৈরাগী পাড়ার প্রদীপ সরকার বাড়িতে বসেছিল জুয়ার আসর। আসরথেকে ইন্দ্রজিৎ সরকার উনার ছেলে গৌতম সরকারকে আনতে গেলে সেখানের জুয়ার আসরে ☛ ৬ এর পাতায় দেখুন

রাজ্যগুলিকে করোনাবিধির যথাযথ পালন নিয়ে আবারও চিঠি কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিবের

নয়াদিল্লি, ১৯ জুন (হি. স.) ।। করোনা পরিস্থিতি মোকাবিলা নিয়ে এবার বিভিন্ন রাজ্যের মুখ্যসচিবদের আরও একবার চিঠি দিল স্বরাষ্ট্রমন্ত্রক। কোনওরকম তাড়াহুড়ো করে যাতে বিধি-নিষেধ তুলে দেওয়া না হয়, তা নিয়ে সতর্ক করা হয়েছে চিঠিতে। শনিবার রাজ্যগুলিকে চিঠি পাঠিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব অজয় ভাল্লা। যথাযথভাবে যাতে করোনাবিধি পালিত হয় তা নিশ্চিত করতে বলার পাশাপাশি টেস্ট এবং টিকাকরণে জোর দিতে বলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব ।

চিঠিতে বলা হয়েছে, করোনা বিধি-নিষেধ পুরোপুরি তুলে দেওয়ার ক্ষেত্রে দেখতে হবে পরীক্ষা ও টিকাকরণ প্রক্রিয়া সম্পন্ন কি না। পুজোর আগেই সম্ভবত দেশে ধেয়ে আসবে কোভিডের তৃতীয় ঢেউ। আর সে কারণেই ফের একবার সতর্কবার্তা দিয়ে চিঠি নবান্নে পশ্চিমবঙ্গের মুখ্যসচিবের কাছেও পাঠানো হয়েছে অমিত শাহের মন্ত্রক থেকে।

সূত্রের খবর, ইতিমধ্যেই একটি চিঠি প্রত্যেকটি রাজ্যের মুখ্যসচিবকে পাঠানো হয়েছে। বলা হয়েছে, পরিস্থিতি বুঝে সঠিক পরিকল্পনা করে তবেই বিধি-নিষেধ তুলতে হবে। করোনা সংক্রমণের শৃঙ্খল ভাঙতে টিকাকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। যদিও ইতিমধ্যেই বেশ কয়েকটি রাজ্যে বিধি-নিষেধ ক্রমশ শিথিল করা হয়েছে। রাজধানী দিল্লির মত রাজ্যে বর্তমানে বিধি-নিষেধে অনেক ছাড় মিলছে। এরই মাঝে করোনার তৃতীয় ঢেউ আছড়ে পড়ার আশঙ্কা। এই আবহে করোনাবিধি যথাযথভাবে পালিত হয়, তা নিয়ে শনিবার রাজ্যগুলিকে নোটিশ পাঠিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব অজয় ভাল্লা। রাজ্যের মুখ্যসচিবদের চিঠি দিয়েছেন তিনি। তাতে স্পষ্ট করে উল্লেখ করা হয়েছে, ‘টেস্ট-ট্র্যাক-ট্রিট-ভ্যাকসিনেশন’ চতুষ্পদী সমীকরণ ঠিকমতো মেনে চলতে হবে এবং কোথাও যাতে এর অন্যথা না ঘটে, তা দেখতে হবে।

এদিকে সম্প্রতি মেডিক্যাল জার্নাল ল্যানসেটে ২১ জন বিশেষজ্ঞ প্যানডেমিকের তৃতীয় ঢেউকে আটকাতে আগে থেকে প্রস্তুতি নেওয়ার কথা জানান। বিশেষজ্ঞদের মধ্যে রয়েছেন কিরণ মজুমদার শাহ আর সার্জেন চিকিৎসক দেবী শেঠী। বিশেষজ্ঞদের ☛ ৬ এর পাতায় দেখুন

পথ দুর্ঘটনায় আহত যুবক

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১৯ জুন।। আবারো সড়ক দুর্ঘটনা। আজ সাতসকালে বাইক এবং মারুতি ভ্যানের মুখোমুখি সংঘর্ষে গুরুতর আহত এক যুবক। সংবাদ সূত্রে জানা যায় শনিবার সকালে উদয়পুর ধ্বজনগর পুলিশ লাইন-খুপিলং সড়কের আসাম রাইফেলস ক্যাম্পের সামনে।

ঘটনার বিবরণে জানা যায়,টি আর ০১এ জে ০২৯১ নম্বরের মারুতি ভ্যান গাড়িটি খুপিলং থেকে উদয়পুরের দিকে যাচ্ছিল তখন উল্টো দিক থেকে আসা টি আর-০৩ -এফ-৪৯৮০ নম্বরের একটি বাইক দ্রুতগতিতে এসে ধাক্কা মারে মারুতি ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ◘ বর্ষ-৬৭ ◘ সংখ্যা ২৪৭ ◘ ২০ জুন ২০২১ ইং ◘ ৫ আষাঢ় ◘ রবিবার ◘ ১৪২৮ বঙ্গাব্দ

আত্মকেন্দ্রিকতা

বর্তমান সমাজ ব্যবস্থায় অহিষ্ণুতা বাড়িতেছে। সমাজ ব্যবস্থা আত্মকেন্দ্রিক হইয়া উঠিতেছে। এর বিষময় ফল আমাদের ভোগ করিতে হইতেছে। প্রতিদিন এর নজির আমাদের সামনে ভাসিয়া উঠিতেছে।রেলের কর্মীদের জন্য সংরক্ষিত কামরায় ওঠার কারণে এক স্বাস্থ্যকর্মীকে ট্রেন থেকে নামাইয়া তোলা হইল আদালতে। নীলরতন সরকার মেডিক্যাল কলেজের এক নার্স সকাল নয়টা নাগাদ বারুইপুর থেকে শিয়ালদহগামী ট্রেনে ওঠেন। ট্রেনে প্রচণ্ড ভিড় থাকায়, ভুল করিয়া উঠিয়ি পড়েন রেলকর্মীদের জন্য সংরক্ষিত কামরায়। এর পরই কর্তব্যরত আরপিএফ জওয়ান তাঁহাকে হেনস্থা করেন। এমনকি আদালতেও তোলা হয় বলিয়ি দাবি করেন সেই নার্স।

কিছু দিন আগেই রেলওয়ে কর্মচারীরা ইউনিয়নের মাধ্যমে ঊর্ধতন কর্তৃপক্ষকে জানাইয়াছিলেন, তাঁহাদের জন্য বরাদ্দ ট্রেনে ডাক্তার, নার্স বা ব্যাঙ্ককর্মীদের মতো কেউ যাহাতে না ওঠেন সেই বন্দোবস্ত করিতে হইবে। নয়তো তাঁহারা দলবদ্ধ ভাবে কাজে অনুপস্থিত থাকিবেন এবং দায়ী হইবে কর্তৃপক্ষ। কারণ হিসেবে অনেকে বলিয়াছেন যে, ব্যাঙ্ক থেকে ব্যাঙ্ক কর্মচারী স্বল্প সুদে ঋণ পান, সেটি তাঁহার বিশেষ অধিকার। তেমনই রেল কর্মচারীদের জন্য বরাদ্দ ট্রেন আসিলে ওই বিভাগের কর্মীদের বিশেষ অধিকার !যে কোনও অজুহাতে এখন হিংসার পথই যেন স্বাভাবিক হইয়া উঠিয়াছে। রাজনীতি থেকে সমাজ, কোথাও আর কোনও পথ যেন অবশিষ্ট নাই। রেলকর্মীরা সঙ্ঘবদ্ধ ভাবে ঊর্ধতন কর্তৃপক্ষের কাছে প্রতিবাদ করিয়াছেন রেল কর্মচারীদের জন্য নির্দিষ্ট বগিতে এক জন স্বাস্থ্যকর্মী উঠিবেন কেন?

'সঙ্ঘ' শব্দটির একটি অর্থ সমাজ। ডাক্তার, নার্স-সহ অন্যান্য সহযোগী স্বাস্থ্যকর্মী, ব্যাঙ্ককর্মী সবাই সেই সমাজের অংশ। সমাজ চলে সহযোগিতার নীতিতে। সেই সহযোগিতার সম্পর্ক সরাইয়া রাখিয়া সমস্ত সামাজিক সম্পর্ক কেবল প্রতিযোগিতা আর দ্বন্দ্বের হইয়া উঠিলে সমাজের সুসামঞ্জস্য নষ্ট হইতে বাধ্য। একজন স্বাস্থ্যকর্মী এই মুহূর্তে পিপিই পরিয়ি প্রচণ্ড কষ্টের মধ্যে এতটা সময় ধরিয়া কাজ করিতেছেন। তাহার পরে ভিড়ের মধ্যে তিনি যদি ঠিক কামরা বাছিয়া উঠিতে না পারেন, সেইটুকুও কি আমরা ক্ষমা করিতে পারি না? আর তিনি তো কর্মস্থলের দিকে রওনা দেওয়ার সময় ট্রেন ধরিতে গিয়া ভুল কামরা নির্বাচন করিয়া ফেলিয়াছেন। সেও তো করিয়াছেন ঠিক সময় পৌঁছিয়া রোগীর সেবারই জন্য!

পৃথিবীময় অতিমারি সঙ্কট চলিতেছে। সেখানে দাঁড়াইয়া অধিকার বুঝিয়া নেওয়ার যথাযথ সময় কি এখন? সাধারণ মানুষের স্বার্থেই যাইতে নির্দেশ দেওয়া হইয়াছে, তাই ব্যাঙ্ককর্মীরা দফতরে যাইতেছেন। কারণ, অর্থব্যবস্থা থামিয়ি গেলে গোটা ব্যবস্থাটা থামিয়া যাইবে। আর একজন নার্স তো সরাসরি স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত। সে ক্ষেত্রে এই সঙ্কটকালে এই বিশেষ সুবিধাটুকু কি তাঁহার প্রাপ্য হইতে পারে না? নয়া উদারনৈতিক অর্থনীতি, বিশ্বায়ন অন্য সব কিছুর মতোই স্বাস্থ্যকে 'সেবা' থেকে পণ্যের দিকে নিয়া চলিয়া গিয়াছে। তবুও, সদ্য পাশ করা তরুণ-তরুণীরা এখনও হিপোক্রেটিসের নামে শপথবাক্য পড়িতেছেন। সরকারি চাকরি নিয়া গ্রামীণ হাসপাতালেও যাইতেছেন। আর সমস্যায় পড়িতেছেন। গ্রামীণ হাসপাতালের সীমাবদ্ধ পরিকাঠামোর মধ্যে অনেক সময় মুমূর্ষু রোগী আসামাত্র, পরীক্ষা করিবার সময়ই মারা যান। দেখা যায়, তা রোগীর পরিবারের কাছে ডাক্তারের অপদার্থতা বলে গণ্য হইতেছে। আবার, সঙ্কটাপন্ন রোগীকে পরীক্ষা করিয়া কোনও ওষুধ প্রয়োগ করিলে এবং তিনি মারা গেলেও বিপদ। রোগীর পরিবারের তরফে তাহাকে ভুল চিকিৎসা বলিয়া প্রায়শই ধরিয়া নেয়। এই সঙ্কটের কালে স্বাস্থ্যকর্মীদের প্রতি এই রকম অবুঝ ব্যবহার কতটা ন্যায্য? এর পরেও কি আমরা আশা করিতে পারি যে, আগামী প্রজন্ম স্বেচ্ছায় এ রকম সেবামূলক পেশায় যুক্ত হইতে চাইবে?শুরুটা আগেই হইয়াছিল। স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত মানুষজনকে বাড়িভাড়া না দেওয়া, ভাড়াবাড়ি ছাড়িয়া দিতে বলা, এমনকি সরকারি আধিকারিককে পাড়ায় ঢুকিতে না দেওয়ার ঘটনাও সামনে আসিয়াছে। হিংসা, দ্বেষ সরাইয়া আমরা সহযোগিতা ও সহমর্মিতার মতো গুণগুলি রপ্ত করিতে পারব না? তা যদি না পারি, তবে আর কবে আমরা মানুষ হইব? এই প্রশ্ন কিন্তু প্রাসঙ্গিক হইয়া উঠিতেছে। আমাদের প্রত্যেককে সহিষ্ণু ও সহনশীল হইতে হইবে। পারস্পরিক বোঝাপড়ার মধ্য দিয়াই সমাজে বাঁচিয়া থাকিতে হইবে।

প্রয়াত ডিপিআইআইটি-র সচিব জি মহাপাত্র, মোদী-গোয়েল শোকে বিহ্বল

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): প্রয়াত হলেন ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইন্ডাস্ট্রি এন্ড ইন্টারন্যাল ট্রেড (ডিপিআইআইটি)-এর সচিব গুরুপ্রসাদ মহাপাত্র। ১৯৮৬ ব্যাচের এই আইএএস অফিসারের মৃত্যুর দুঃসংবাদ, শনিবার সর্বপ্রথম জানিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী পীযুষ গোয়েল। গুরুপ্রসাদ মহাপাত্রের প্রয়াণে শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ২০১৯ সালের আগস্ট মাসে ডিপার্টমেন্ট ফর প্রমোশন অফ ইন্ডাস্ট্রি এন্ড ইন্টারন্যাল ট্রেড (ডিপিআইআইটি)-এর সেক্রেটারি পদের দায়িত্ব নিয়েছিলেন গুরুপ্রসাদ মহাপাত্র। ডিপিআইআইটি-র সেক্রেটারি পদের দায়িত্ব নেওয়ার প্রাক্কালে এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার চেয়ারম্যান ছিলেন তিনি। ডিপিআইআইটি-র সচিব গুরুপ্রসাদ মহাপাত্রের প্রয়াণে গভীর শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শোকে বিহ্বল কেন্দ্রীয় মন্ত্রী পীযুষ গোয়েলও। প্রধানমন্ত্রী টুইট করে শোকবার্তায় জানিয়েছেন, 'গুজরাট ও কেন্দ্রে তাঁর সঙ্গে কাজ করেছি। প্রশাসনিক বিষয়ে তাঁর দুর্দান্ত জ্ঞান ছিল এবং উদ্ভাবনী উদ্যোগের জন্য তাঁর খ্যাতি রয়েছে।' শোকবার্তায় পীযুষ গোয়েল টুইট করে জানিয়েছেন, 'ডিপিআইআইটি-র সচিব গুরুপ্রসাদ মহাপাত্রের প্রয়াণে দুঃখ পেলাম। তাঁর দীর্ঘকালীন সেবা ও দেশের প্রতি উৎসর্গ স্থায়ী প্রভাব ফেলেছে।'

রাশিয়ায় বিমান ভেঙে মৃত ৪, প্রাণ সংশয়ে আরও ৪ জন

মস্কো, ১৯ জুন (হি.স.): রাশিয়ার ছোট বিমান ভেঙে প্রাণ হারালেন ৪ জন প্যারাসুটার। বিমান দুর্ঘটনায় আরও ৪ জন গুরুতর আহত হয়েছেন, ১১ জন সামান্য আহত হয়েছেন।। সাইবেরিয়ার দক্ষিণ-পশ্চিমে কেমেরোভো অঞ্চলের তানায় এরোড্রোমের কাছে ভেঙে পড়ে দুই ইঞ্জিন বিশিষ্ট এল-৪১০ বিমান। ইঞ্জিনে ত্রুটির কারণেই ছোট্ট বিমানটি ভেঙে পড়েছে বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে। স্থানীয় সময় অনুযায়ী সকাল দশটা নাগাদ বিমানটি ভেঙে পড়ে।

হাসপাতাল থেকে ৫৪ দিন পর বাড়ি ফিরলেন বিএনপি প্রধান খালেদা জিয়া

ঢাকা, ১৯ জুন (হি.স) : দীর্ঘদিন হাসাপাতালে কাটিয়ে বাড়ি ফিরলেন বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়া। শনিবার তাঁর গুলশানের ভাড়া বাড়ি 'ফিরোজায়' ফিরলেন বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী। করোনা আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়া। করোনা সেরে গেলেও দীর্ঘদিন ক্রিটিক্যাল কেয়ারে থাকতে হয়েছিল তাঁকে। চিকিতসকেরা জানিয়েছিলেন হার্ট এবং কিডনির সমস্যায় ভুগছিলেন খালেদা। বাংলাদেশের এভারকেয়ার হাসপাতালে করোনারি কেয়ার ইউনিটে (সিসিইউ) চিকিতসাধীন ছিলেন তিনি। তাঁর চিকিতসার জন্য ১০ সদস্যের মেডিক্যাল বোর্ড গঠন হয়েছিল। আমেরিকা ও ইংল্যান্ডের চিকিতসকদের সঙ্গে যোগাযোগ রেখে চলছিল চিকিতসা। প্রসঙ্গত, গত ১১ এপ্রিল করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার পর গুলশানের বাড়ি "ফিরোজা"য় ব্যক্তিগত চিকিতসক টিমের অধীনে চিকিতসাধীন ছিলেন খালেদা জিয়া। তারপর চিকিতসদের পরামর্শে ২৭ এপ্রিল থেকে এভারকেয়ার হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। উল্লেখ্য, দুর্নীতির দুই মামলায় বছর তিনেক আগে জেলে যেতে হয়েছিল ৭৬ বছর বয়সী খালেদা জিয়াকে। করোনা সংক্রমণ শুরুর পর পরিবারের আবেদনে সরকার গত বছর ২৫ মার্চ "মানবিক কারণে" শর্তসাপেক্ষে তাঁকে সাময়িক মুক্তি দিয়েছে। তারপর থেকেই তিনি গুলশানে নিজের ভাড়া বাড়িতে থাকেন।

জলবায়ু পরিবর্তন, দূষণ ও কোভিডের ত্র্যহস্পর্শে বিপন্ন মানুষ

২০১৫-র প্যারিস জলবায়ু সম্মেলনে বিশ্বের তাপমাত্রা ১.৫ ছিল সেলসিয়াস কমানোর ব্যাপারে গুটিকয়েক মাতব্বর দেশ ঠিকা নিয়েছিল। তারাই আগ বাড়িয়ে "নেট জিরো এমিশন"-এ পৌঁছানোর লক্ষমাত্রা নির্ধারণ করেছিল। যেমন, আমেরিকা আর ইয়োরোপিয়ান ইউনিয়ন ২০৫০ সালে। চিন ২০৬০ সালে। ইয়োরোপের ৫০০টি বিমানবন্দর "নেট জিরো এমিশন'-এ পৌঁছতে প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করেছিল। যে পরিমান যাত্রী সারা বছর ধরে ওই বিমানবন্দরে যাতায়াত করেন তাতে মাত্র ২৪ এমিশনে লাগাম পরানো যাবে বলে স্থির হয়েছিল। আসলে পরিবেশ সংক্রান্ত পেল্লায় প্রতিশ্রুতির গোটাটাই ছিল অন্তঃ সারশূন্য। কোভিডের মৃত্যু মিছিলে সেই সত্যই সোচ্চারে প্রতিষ্ঠিত। ভারতের দিকে তাকালে অবস্থা আরও ভয়াবহ। ২০১৯-এ এই দেশে ১৬ লক্ষ ৭০ হাজার মানুষ মারা গিয়েছেন শ্রেফ বায়ুদূষনের কারণে। ভারতের মোট মৃত্যুর ১৭-৮ শতাংশ মৃত্যুর কারণ বায়ুদূষণ। অধিকাংশ মৃত্যুর জন্য দায়ী বাতাসে ভাসমান অতিসুক্ষ ধুলিকণা পিএম ২.৫ এবং ওজোন দূষণ যার বৃদ্ধি বর্তমানে ১৩৯.২০! বায়ুদূষণজনিত অকালমৃত্যু, অসুস্থতা বাতার কারণে ভারতের অর্থনৈতিক ক্ষতির পরিমাণ ৩৬.৮ বিলিয়ন ডলার। বেলাগাম বায়ুদূষণের প্রাবল্যেই ২০২৪ সালে ৫ ট্রিলিয়ন ডলারের অর্থনীতির দিবাস্বপ্ন পরিণত হতে পারে দুঃস্বপে। দূষণ কমাতে সঙ্গে সঙ্গে অর্থনীতিতেও বইত সুপবন। বায়ুদূষণ ঠেকাতে ১৯৭০ সাল থেকেই আমেরিকা কোমর বেঁধে নেমেছিল। আজ হিসেব মিলিয়ে দেখা যাচ্ছে পরিবেশ উন্নয়নে প্রতি ১ ডলার বিনিয়োগে আমেরিকা ৩০ ডলারের সুফল ঘরে তুলেছে। অফ সিসা মুক্ত গ্যাসোলিন ব্যবহারেই শিশুদের রক্তে সিসা জনিত দূষণ কমায় লক্ষনীয় ভাবে বেড়েছে শিশুদের আইকিউ বেড়েছে উৎপাদনশীলতা। অর্থনীতির উজ্জীবন ঘটেছে। ভারত ১৯৮৪ সালে দূষণে নিয়ন্ত্রণে নড়েচড়ে বসে এবং স্থাপন করে দ্য ন্যাশনাল এয়ার কোয়ালিটি মনিটরিং প্রোগ্রাম। ২৯টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৩৩৯টি শহরের ৭৭৯টি কেন্দ্রের মাধ্যমে আজ বাতাসের গুণমান নির্ণীত হয়। বাড়ির ভেতরের দূষণ কমাতে ২০১৪ সালে তৈরি হয় উন্নত চুলা অভিযান। ২০১৫-তে শহরবাসীর ফুসফুসকে চাঙ্গা করতে চালু হল স্মার্ট সিটি মিশন। ২০১৬-তে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা। ২০১৯-এ দ্য ন্যাশনাল ক্লিন এয়ার প্রোগ্রা ১০২টি শহরে ভাসমান ধুলিকনার মাত্রা ২০২৪ সালের মধ্যে ২০ থেকে ৩০ শতাংশ কমানোর লক্ষমাত্রা স্থির হয়েছিল। মোদিজির সব গজদন্তমিনারি প্রকল্পের মতোই অধিকাংশ পরিবেশ প্রকল্পই জন্মের প্রথম শুভক্ষনেই হুমড়ি খেয়ে পড়ে হরিনাম সংকীর্তন শুরু করে। গোটা বিশ্বে আজও তাই ওজোন ও অতিসূক্ষ ধুলিকনাজাত দূষণে সবার ওপরে ভারত। উজ্জ্বালা যোজনা-র সিলিন্ডার পিছু এক ধাক্কায় ১২৫ টাকা দাম বাড়ায় ৮৬শতাংশ হতদরিদ্র পরিবার গ্যাসের সিলিন্ডার কিনূতে না পেরে ফিরে যেতে বাধ্য হয়েছে কাঠ বা কয়লা-ঘুঁটের অস্বাস্থ্যকর পরিবেশ ঘাতক চুলায়। অদূরদর্শীতা, তা, সস্তা হাততালি কুড়োনোর অভিলাষ আর পেশা দারিদ্রের অভাবেই বিপর্যস্ত পরিবেশ সংক্রান্ত প্রায় সব প্রকল্প। বায়ুদূষণ শুধু বায়ুদূষনে ফেঁপরা হতে থাকে জ্ঞান, বুদ্ধি ও দক্ষতা। মানবসম্পদের অপূরণীয়, অপচয়ে দেশের সামুদয়িক উন্নয়নে হয় কুঠারাঘাত। বায়ুদূষণে কোভিডের তুলনায় মৃত্যু হার ১৩ গুন বেশি। আসলে অতিসূক্ষ ধুলিকণা পিএম ২.৫ এর ঘাড়ে চেপেই সার্স কোভ-টু, ড্রপলেটের মাধ্যমে দাবানলের মত ছড়িয়েপড়ছে। বায়ুদূষণ বা আরও স্পষ্ট করে বললে পিএম ২.৫-এর সৌজন্যেই ভারতবাসীর ফুসফুসের অক্সিজেন ধারণক্ষমতা তলানিতে এসে ঠেকেছে। সারা বিশ্বের তুলনায় বেশি অক্সিজেনের প্রয়োজন পড়ছে। ভারতে বায়ুতে মাত্র ১ শতাংশ পিএম-২.৫-এর বৃদ্ধি কোভিডের মৃত্যুহারকে বাড়াচ্ছে ৫.৭ শতাংশ, ৪০ থেকে ৬৯ বছর বয়সের মানুষের অন্ধত্ব বাড়াচ্ছে ৮ শতাংশ, এবং প্লুকামা রোগীর সংখ্যা বাড়াচ্ছে ১২ শতাংশ। ২০২০ লকডাউনের সময় কলকাতার বাতাসের প্রতি ঘনমিটারে ভাসমান পিএম-২.৫ ছিল সর্বনিল ১৬.৮৬ মাইক্রোথম এবং সবেচ্চি ৪২৮২ মাইক্রোগ্রাম যখন হু'র সবেচ্চি সহনশীল মাত্রা ১০ মাইক্রোগ্রাম। লকডাউনের সময় ওজোনের পরিমান। লকডাউনের সময়ে হয়ত কৌভিড সংক্রমন কমেছে কিন্তু বেকার হয়ে যাওয়া মানুষের কাঠ কয়লার আগুনের রান্নার কারণে প্রাণঘাতী বায়ুদুষণকে তালাবন্দি করা যায়নি। ভ্যাকসিনে কোভিডকে নিরস্ত্র করা গেলেও, বায়ুদূষণ কিভাবে কমবে তা নিয়ে কেউ কিছু বলতে পারছেন না। কলকাতার বায়ুদূষণ কমানোর জন্য অনেকেই বিভিন্নরকম বৃক্ষরোপনের ওপর জোর দিতে বলেছেন। গাছ লাগানোর সময় যে সব গাছ লাগানো হয়েছে তার মধ্যে রয়েছে বট, পেয়ারা, আম, জবা, কদম, করবী, নিম, ভেরেন্ডা এবং ইউক্যালিপটাস। কলকাতার ফুটপাথে পাকা পেয়ারায় বা কদম পার্কে বট বা পিপুল গাছ লাগানো যেতে পারে অবশ্যই, তবে পার্ক বা বড় মাঠ দুটোই এখন কলকাতায় অতীত। নিম, ছাতিম, বকুল কলকাতার পরিবেশের ফলে উপযুক্ত। অরপণ্যনিধন যেমন ক্ষতিকারক তেমনই ক্ষতিকর অপরিকল্পিত, আবৈজ্ঞানিক বৃক্ষরোপন, বনসৃজন। স্থানীয় দেশজ প্রজাতির পরিবর্তে লাগানো অন্য গাছ যেমন বাড়ছে জুনোটিক অসুখের (যেমন, সার্স, মার্স, নিফা, কোভিড প্রভৃতির) সম্ভাবনা। ১৯৯০ থেকে ২০১৬ সাল পর্যন্ত ৩৮৮৪টি রোগের প্রাদুর্ভাবের ঘটনায় দায়ী ছিল ১১৬টি জুনোটিক সংক্রমন। পতঙ্গ বাহিত সংক্রমন যেমন ম্যালেরিয়া, জিকা, চিকনগুনিয়া'র মত প্রায় ১৯৯৬টি রোগের জন্য, ওই একই সময়পর্বে দায়ী ছিল, বৃক্ষনিধন ও অপরিকল্পিত বৃক্ষরোপন। এই সব সমস্যা ডিঙ্গিয়ে বায়ুদূষণ কমানো এখন দূরঅস্ত। কার্বন ফুটপ্রিন্ট কমাতে যে সময় চেয়েছে (২০৫০-৬০) তার আগেই ত্রেফ উষ্ণায়নের কারণে ২০৩০-এর পরেই পরিস্থিতি চলে যাবে হাতের বাইরে। বিজ্ঞানীরাই এমন কথা জানাচ্ছেন। সুতরাং হাতে সময় খুব কম। পৃথিবীর প্রতিটি মানুষের উচিত আজই জলবায়ু নিয়ে সোচ্চার হওয়া, কাল কিন্তু অনেক দেরি হয়ে যেতে পারে। পুনশ্চ হাড় হিম করা সমস্ত তথ্যই দ্য ল্যানসেট, গ্লোবাল বার্ডেন অফ ডিজিজ স্টাডি-২০১৯-এর সৌজন্যে প্রাপ্ত।

> গাছ লাগানোর সময় যে সব গাছ লাগানো হয়েছে তার মধ্যে রয়েছে বট, পেয়ারা, আম, জবা, কদম, করবী, নিম, ভেরেন্ডা এবং ইউক্যালিপটাস। কলকাতার ফুটপাথে পাকা পেয়ারায় বা কদম ফুলে পা পিছনে পড়ে গিয়ে কোমর ভাঙার ঘটনাও ঘটেছে।

(সৌজন্যে-দৈ : স্টেটসম্যান)

'আর দেব না আর দেব না রক্তে বোনা ধান মোদের প্রাণ হো!'

সুতপা ভট্টাচার্য চক্রবর্তী

কৃষক মারা কৃষি আইনের এক বছর পূর্ণ হওয়ার পর্বে সংসদ সদ্যস এবং বিধায়কদের কৃষি আইনের খসড়া পুড়িয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সংযুক্ত কিষাণ মোর্চা। ২৮ মে, ২০২১ তারিখে মোর্চা সিদ্ধান্ত নিয়েছে ৫ জুন দিনটি সম্পূর্ণ ক্রান্তি দিবস-হিসেবে পালন করা হবে। ১৯৭৪ সালের এই ৫ জুন দিনটিতেই পাটনার এক বৃহৎ জনসমাবেশ থেকে লোকনায়ক জয়প্রকাশ নারায়ণ সম্পূর্ণ ক্রান্তি আন্দোলনের ডাক দিয়েছিলেন। ২০২০ সালের এই ৫ জুনে কোভিড লকডাউনের আড়ালে ভারত সরকার তিন কালা কৃষি আইন অধ্যাদেশের মাধ্যমে জারি করেছিল।

বিশ্ব পরিবেশ দিবসও ৫ জুন বিশ্বজুড়ে পালন করা হয়। এই সমস্ত কিছুই স্মরণে রেখে সিদ্ধান্ত হয়েছে ৫ জুন ২০২১ কৃষক আন্দোলনের তরফ থেকে কর্মসূচি গ্রহণ করা হবে। বিজেপি এমএলএএমপিদের বাড়ি অথবা দপ্তরের সামনে তিনটি কালা কৃষি আইনের প্রতিলিপি জ্বালানো। যেখানে বিজেপি'র নির্বাচিত জনপ্রতিনিধি নেই, সেখানে এই কর্মসূচি সরকারি দপ্তরের সামনে হবে। কৃষক আন্দোলন ঐক্য এবং সৃষ্টিশীল কাজ এবং সমাধানে উৎসাহী এই বার্তা দিতে বিভিন্ন প্রজাতির চারা গাছ রোপণ। বছর অতিক্রম করল। ২০২০ সালের ৫ জুন আত্মনির্ভর ভারত অভিযানের অঙ্গ হিসাবে কৃষিকদের আয় বাড়ানোর নাম করে কেন্দ্রীয় সরকার কৃষি ক্ষেত্রে সংস্কারের নামে রাষ্ট্রপতি কৃষি ও সহযোগী ক্ষেত্রে যুক্ত কৃষকদের কল্যাণে গ্রামীণ ভারতের সার্বিক অগ্রগতির জন্য দুটি অধ্যাদেশ জারি করেছিলেন। অধ্যাদেশ দুটি হল--- কৃষিজ পণ্যের ব্যবসা ও বাণিজ্য (প্রসারও সুবিধা) অধ্যাদেশ ২০২০। মূল্য নিশ্চয়তা সংক্রান্ত কৃষক সমঝোতা (ক্ষমতায়ন ওসুরক্ষা) এবং কৃষি পরিষেবা অধ্যাদেশ ২০২০ কেন্দ্রীয় সরকার কৃষিক পণ্যের বিপণনের জন্য সুসংবদ্ধ ও সুচিন্তিত পদক্ষেপ গ্রহণ করার কারণ হিসেবে যেটা দেখিয়েছিল তা হল-কৃষকদের আয় বাড়ানো। কৃষিক পণ্যের বিপণনে পর্যাপ্ত সুযোগ সুবিধার ক্ষেত্রে বাধা বিপত্তিগুলিকে স্বীকার করে নিয়ে সরকার ২০১৭ সালে আদর্শ কৃষিক পণ্য ও গৃহ পালিত পশু বিপণন সংক্রান্ত খসড়া আইন নিয়ে আসে। সেই সঙ্গে ২০১৮ সালে রাজ্যগুলির সুবিধার জন্য এখই ধরনের একটি আইন কার্যকর কররা কথা বলা হয়। কোভিড-১৯ সহকটের সময় যখন সমগ্র কৃষি ও সহযোগী ক্ষেত্র বিভিন্ন বিপত্তির সম্মুখীন হয়েছে,

তখন সংশ্লিষ্ট এই দুটি ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের সংস্কারমূলক গতিকে ত্বরান্বিত করার প্রয়োজনীয়তা দেখা দেয়। এই প্রেক্ষিতে কৃষিক পণ্যের আন্তঃ রাজ্য ও রাজ্যের বাইরে বিপণনের উপযুক্ত পরিবেশ গড়ে তোলার জন্য জাতীয় স্তরে একটি আইন কার্যকর করার প্রয়োজনীয়তা দেখা দেয়। সরকার এ বিষয়টিকে সামনে রেখে স্বীকার করে নেয়, যে উৎপাদিত পণ্য ভালো দামে নিজেদের পছন্দ মতো জায়গায় বিক্রির অধিকার কৃষকদের রয়েছে। এই বিষয়গুলিকে বিবেচনায় রেখেই কেন্দ্রীয় সরকার সম্প্রতি ঐ দুটি অধ্যাদেশ জারির সিদ্ধান্ত নেয়। এই পর্যন্ত তো ভালোই প্রস্তাব ছিল। কিন্তু বাদ সাধল তার রাজ্যসভায় ধ্বনি বোটে পাসের প্রক্রিয়াকরণ দেখে দুই বিতর্কিত কৃষি বিল রাজ্যসভায় ধ্বনিভোটে পাস করালো মোদি সরকার। আর তা নিয়ে রীতিমতো রণক্ষেত্রের চেহারা নিল রাজ্যসভা। দিনটা ছিল বোরবার। রাজ্যসভায় বিতর্কিত কৃষি বিল পাস করানো নিয়ে বদ্ধ পরিকর ছিল মোদি সরকার। আর বিরোধীরাও আটকাতে মরিয়া ছিলেন। লোকসভায় এই বিল পাস করানোর প্রতিবাদে সরকার ছেড়ে বেরিয়ে এসে নরেন্দ্র মোদির উপর চাপ আরো বাড়িয়ে দিয়েছিল প্রকাশ সিং বাদলের অকালি দল। বস্তুত, জেডিইউ, এডিএমকে, ওয়াইএসআর কংগ্রেস, বিএসপি ছাড়া আর বিশেষ কোনো দল এই বিল নিয়ে সরকারের পক্ষে ছিল না। আর অন্য বিরোধীদের সঙ্গে এই বিলের বিরোধিতায় সামিল হয়েছিল বিজু জনতা দল, টিআরএস, অকালি। তারপরেও রাজ্যসভায় সরকারের পক্ষে গরিষ্ঠতা ছিল, তবে খুব কম।

এই অবস্থায় সরকার ঝুঁকি নিতে চায়নি। ডেপুটি চেয়ারম্যান হরিবংশ এসে বিলটিকে ধ্বনিভোটে পাস করাতে উদ্যত হন। তখনই বিরোধী দলের সাংসদরাও এয়েলে নেমে স্লোগান দিতে থাকেন। উত্তেজনা তুঙ্গে ওঠে। ডেপুটি চেয়ারম্যান। ধ্বনিভোটে বিল পাস করাচ্ছেন দেখে বিরোধী সাংসদরা রুলবুক হাতে নিয়ে ওয়েলে নেমে পড়েন। তাঁকে বাধা দেন মার্শালরা। তারপর শুরু হয় প্রবল গন্ডগোল। রুলবুক ছিঁড়ে উড়িয়ে দেয়া হয়। চেয়ারম্যানের আসনের সামনে তিনটি মাইক ভাঙা হয়। নিজের আসনের উপরে দাঁড়িয়ে পড়েন দুই বিরোধী সাংসদ। মার্শালরা তাঁদের জোর করে নামিয়ে দেন। এক সাংসদকে চ্যাংদোলা করে বাইরে নিয়ে যান মার্শালরা। বিরোধী সাংসদরা চিৎকার করছেন। বিজেপি সাংসদরা প্রতিবাদ করছেন। সব মিলিয়ে রাজ্যসভায় বেনজির কাণ্ড। এই গোলমালের ছবি রাজ্যসভা টিভিতে দেখানো হয়নি। তখন সম্প্রচার বন্ধ রাখা হয়। বিরোধী সাংসদরাই মোবাইলে তুলতে থাকেন সেই ছবি। দশ মিনিটের বিরতির পর রাজ্যসভা চালু হলে মার্শাল দিয়ে ডেপুটি চেয়ারম্যানের টেবিলও ওয়েল ঘিরে রাখা হয়। তখন হট্টগোলের মধ্যেই ধ্বনিভোটে বিল পাস হয়। প্রশ্নটা এখানেই ওঠে। যে বিল কৃষকদের সুবিধার জন্য পাস করাচ্ছে শাসকদল সেখানে এমন ধুন্ধুমার কাণ্ড কেন? বিরোধীরা কি কৃষকদের সুবিধা চায়না?

আসল উত্তরটা হল যে বিল নিয়ে শাসকরা এতো কৃষক দরদী তা নিয়ে কিন্তু কৃষকদের মনেই সংশয় আছে। পাঞ্জাব ও হরিয়ানায় প্রবল ক্ষুদ্ধ কৃষকরা। বিশেষজ্ঞদের একাংশের মতে, এর ফলে প্রথম কৃষকরা বেশি দাম পেতে পারেন। কিন্তু ক্রমশ একটি বা দুইটি বড় কর্পোরেটের একাধিপত্য প্রতিষ্ঠিত হবে। তখন আর তাঁরা দাম পাবেন না। তাই প্রথমে দরকার আইন করে এমএসপি রক্ষার ব্যবস্থা, অর্থাৎ ন্যূনতম সংগ্রহ মূল্যের কমে ফসল কেনা আইনত অপরাধ বলে ঘোষণা করতে হবে। সেটা না হলে কৃষকরা বিপন্ন হতেই পারেন।

সেদিন বিরোধীরা ভোটাভুটি চাইলেও ডেপুটি চেয়ারম্যান তাতে কান দেননি। বিরোধী সাংসদরা একঘণ্টা রাজ্যসভার ভিতরে ও পরে গান্ধীমূর্তির সামনে বসে প্রতিবাদ জানান। এরপরই শুরু হয় এই বিলের পক্ষে ও বিপক্ষে সরকার ও বিরোধীদের সওয়াল। রাজনাথ সিংয়ের নেতৃত্বে পাঁচ মন্ত্রী নেমে পড়েন আইন হলে কৃষকদের কতটা উপকার হবে তা বোঝতে। প্রধানমন্ত্রী বলেন, বিলটি ঐতিহাসিক। বিরোধীদের দাবি, রাজ্যসভায় গণতন্ত্রকে হত্যা করে বিল পাস করানো হলো। এর ফলে কৃষকদের ভরাডুবি হবে। এই দুই বিলে বলা হয়েছে, কৃষকরা তাঁদের পণ্য সরাসরি বড় সংস্থা, কর্পোরেটের কাছে বিক্রি করতে পারবেন। তাঁরা সমবায়ের ভিত্তিতে চাষ করতে পারবেন। ফসল হওয়ার আগেই কৃষকদের সঙ্গে পণ্য নিয়ে চুক্তি করে নিতে পারবে কর্পোরেট ও বড় সংস্থাগুলি। সরকারের দাবি, এর ফলে ফসলের দাম অনেক বেশি পাবেন কৃষকরা। বাস্তব বলছে বড়লোক আত্মীয়ের সঙ্গে আত্মীয়তা পাতাতে গেলে গরিব আত্মীয়রা বড়লোকের বাড়িতে বিনে মাইনের গোলাম হয়েই যায়। তার হাত থেকে মুক্তি পাওয়ার জন্যই এ আন্দোলন কেন্দ্রীয় সরকার বড়লোক আত্মীয়ের হয়ে যতোই তাঁবেদারি করুন না কেন গরিব কৃষকের জেদ কিন্তু হার মানবে না কিছুতেই। আজ তাই তেভাগার মতো করেই তাঁরা গান গাইছেন-আর দেব না রক্তে বোনা ধান মোদের প্রাণ হো।

(সৌজন্যে-দৈ : স্টেটসম্যান)

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওল্ড আগরতলা আর. ডি. ব্লকের অন্তর্গত ১২০১ (এক হাজার দুইশত একজন) জন বেনিফিসারীর SECC Survey-2021 অনুযায়ী প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীন) প্রকল্পে নাম অন্তর্ভুক্ত থাকা সত্বেও, নিজ নিজ গ্রামে অনুপস্থিত থাকায় আপনাদেরকে চিহ্নিতকরণে সমস্যার কারণে সার্ভের কাজ সম্পর্ণ করা যাচ্ছে না। তাই এই পত্রিকার মাধ্যমে আপনাদেরকে অবগত করা যাচ্ছে যে এই নোটিশ প্রকাশিত হওয়ার ৭ (সাত) দিনের (working days) মধ্যে যদি নিম্নোক্ত তালিকায় আপনার নাম থেকে থাকে তাহলে উপযুক্ত প্রমানাদি নিয়ে নিজ নিজ পঞ্চায়েত/ভিলেজ কমিটি অফিসে ঘর পাওয়ার জন্য আবেদন করুন। অন্যথায় আপনাদের নাম PMAY-G অতিরিক্ত নামের তালিকা থেকে অপসারন করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরন করা হবে এবং পরবর্তিকালে সার্ভে করার আর কোন সুযোগ থাকবেনা।

Contact No : 9362620869
email : bdoagartala@gmail.com

Sd/
Block Development Officer
Old Agartala R.D. Block

বিস্তারিত নামের তালিকাঃ

ভিলেজের নাম : [illegible]

Sl No	Name	Father Name	Mother Name	PMAY ID
1	GOPAL DEBNATH[illegible]	GURA CHARAN DEBNATH	KOHEL BASI DEBNATH	[illegible]
2	AMAR CHAD DEBNATH[illegible]	BIR CHANDRA DEBNATH	KHUKU MANI DEBNATH	[illegible]
3	BUDHURAI DEBBARMA[illegible]	SURENDRA DEBBARMA	SABHATI DEBBARMA	[illegible]
4	HARE KRISHNA DEBNATH[illegible]	SURENDRA DEBNATH	RAJ KUMARI DEBNATH	[illegible]
5	SAMPA BISWAS SARKAR[illegible]	MAHANANDA BISWAS	SEFALI BISWAS	[illegible]
6	SURESH CHANDRA DEBNATH[illegible]	SURENDRA CHANDRA DEBNATH	SNEHALATA DEBNATH	[illegible]
7	RANGA BASI DAS BAISHNAB[illegible]	HARIDAS BAISHNAB	RADHA RANI BAISHNAB	[illegible]
8	SHANTA KUMAR DEBBARMA[illegible]	PADMA DEBBARMA	SUMITRA DEBBARMA	[illegible]
9	NEPAL DEBNATH[illegible]	MAHESH DEBNATH	JAMINI DEBNATH	[illegible]
10	RUPCHAND DEBBARMA[illegible]	NARENDRA DEBBARMA	BISHULAXMI DEBBARMA	[illegible]
11	LAJI DEBNATH[illegible]	SADANANDA DEBNATH	RUKKHINI DEBNATH	[illegible]
12	SANJU RANI DAS[illegible]	MANINDRA DAS	FULAN BALA DAS	[illegible]
13	BRAJAMOHAN SINGHA[illegible]	SHYAM SINGHA	MUKHI DEBI	[illegible]
14	GOPAL DAS[illegible]	JATINDRA DAS	LAXMI BASI DAS	[illegible]
15	BHABA RANJAN BHOWMIK[illegible]	SURYA KUMAR BHOWMIK	SWARNALATA BHOWMIK	[illegible]
16	RABIYA DEBBARMA[illegible]	BOIKUNTHA DEBBARMA		[illegible]
17	CHANDRA KANTA DEBNATH[illegible]	BIR CHANDRA DEBNATH	SATYABHAMA DEBNATH	[illegible]
18	GOPAL DEBNATH[illegible]	NIRANJAN DEBNATH	MALATI DEBNATH	[illegible]
19	ARATI DEBNATH[illegible]	SUDHIR DEBNATH	CHANADA DEBNATH	[illegible]
20	NARAYAN DEBNATH[illegible]	JOGESH DEBNATH	ABALA DEBNATH	[illegible]
21	KALPANA DEBNATH[illegible]	JAGADISH DEBNATH	JAMUNA DEBNATH	[illegible]
22	MIRA DEBBARMA[illegible]	BISHU KUMARI DEBBARMA	SAMPATI DEBBARMA	[illegible]
23	SANDHYA LAXMI DEBBARMA[illegible]	BALARAM DEBBARMA		[illegible]
24	GOUTAM DEBNATH[illegible]	GOPAL DEBNATH	JOGAMAYA DEBNATH	[illegible]
25	CHANCHALLA DEBNATH[illegible]	RUPCHAN DEBNATH	PURNA DEBNATH	[illegible]
26	BIMALA BAISHNAB[illegible]	MAHANTA BAISHNAB	MANORAMA BAISHNAB	[illegible]
27	JHARNA DEBNATH[illegible]	JOGENDRA DEBNATH		[illegible]
28	DILIP SARKAR[illegible]	JUGENDRA SARKAR	RADHA RANI SARKAR	[illegible]
29	JYOTI RANJAN DAS[illegible]	MAHENDRA DAS	RENU DAS	[illegible]
30	KANAN DEBNATH[illegible]	JAGAT CHANDRA DEBNATH	BIMALA DEBNATH	[illegible]
31	SUKHE KRISHNA NANDI[illegible]	HARENDRA KRISHNA NANDI	CHAPALA SUNDHARI NANDI	[illegible]
32	JYATI CHAUHAN[illegible]	LOARI CHOUHAN	NARANGIYA CHOUHAN	[illegible]
33	NARAYAN DEBNATH[illegible]	JAGADISH DEBNATH	SURBALA DEBNATH	[illegible]
34	FAGUNTI DEBBARMA[illegible]	MATHURAY DEBBARMA	MINA DEBBARMA	[illegible]
35	USHA DEBNATH[illegible]	RAMCHANDRA DEBNATH	BINADA BANSHI DEBNATH	[illegible]
36	SUNIL DEBNATH[illegible]	NAGAR BANSHI DEBNATH	PATAL BALA DEBNATH	[illegible]
37	RATAN DEBNATH[illegible]	SHANTI DEBNATH	RASABALA DEBNATH	[illegible]
38	BIPLAB NANDI[illegible]	SUKHEN KRISHNA NANDI	PURNIMA RANI NANDI	[illegible]
39	MAMATA DEBNATH[illegible]	KRISHNA KANTA DEBNATH	KANAN DEBNATH	[illegible]
40	DIPAK DEBNATH[illegible]	SHANTI DEBNATH	RASABALA DEBNATH	[illegible]
41	MALANI DEBBARMA[illegible]	MADAN DEBBARMA	RAJANINI DEBBARMA	[illegible]
42	TAPAN DEBNATH[illegible]	KALA DEBNATH	TARU BALA DEBNATH	[illegible]
43	SAJANA BALA DEBNATH[illegible]	BANKA BIHARI GOSWAMI	BIMALA GOSWAMI	[illegible]
44	MANABENDRA DAS[illegible]	MANIK DAS	NIVATI DAS	[illegible]
45	DULAL DEBNATH[illegible]	SASHI KUMAR DEBNATH	KUSUM DEBNATH	[illegible]
46	TARUN DEBNATH[illegible]	GOPIMOHAN DEBNATH	KRITANTA DEBNATH	[illegible]
47	MANI BALA DEBNATH[illegible]	RAJ KUMAR DEBNATH	SARNA BALA DEBNATH	[illegible]
48	BISHU KUMAR DEBNATH[illegible]	JAMINI DEBNATH	SANDHYA LAXMI DEBNATH	[illegible]
49	AJIT DEBNATH[illegible]	JATINDRA DEBNATH	SHUBHADRA DEBNATH	[illegible]
50	BHANYAMATI DEBNATH[illegible]	MAYURARA DEBNATH	RADA RRANI KDEBNATH	[illegible]
51	RANJIT DEBNATH[illegible]	ANIL DEBNATH	NIRMALA DEBNATH	[illegible]
52	KALPANA DEBNATH[illegible]	PRAFULLA CHANDRA DEBNATH	PUSPA DEBNATH	[illegible]
53	KALIPADHA DEBNATH[illegible]	PRIYA LAL DEBNATH	BASANTI DEBNATH	[illegible]
54	TITU DEBNATH[illegible]	SUKUMAR DEBNATH	KALPANA DEBNATH	[illegible]
55	ANITA KANDA[illegible]	KHOKAN KANDA	PARBATI KANDA	[illegible]
56	BINATA KANDA[illegible]	KHOKAN KANDA	PARBATI KANDA	[illegible]
57	BIDHU DEBBARMA[illegible]	SUKUMAR DEBBARMA	SHAMBHULAXMI DEBBARMA	[illegible]
58	SUJIT DEBNATH[illegible]	SUKUMAR DEBNATH	HIRAN DEBNATH	[illegible]
59	GOURANITAI SINGHA[illegible]	HIRA SINGHA	BIJAYA SINGHA	[illegible]
60	ANIL KUMAR DEBNATH[illegible]	MADHU SUDHAN DEBNATH	ADARI DEBNATH	[illegible]
61	RANU DEBBARMA[illegible]	KRISHNA CHANDRA DEBBARMA	MALATI DEBBARMA	[illegible]
62	BADHURAI DEBBARMA[illegible]	GANGACHARAN DEBBARMA	PURNALAXMI	[illegible]
63	ALANGA DEBBARMA[illegible]	BASANTA DEBBARMA		[illegible]
64	SHAJALA DEBBARMA[illegible]	RABI DEBBARMA	PANCHALAXMI DEBBARMA	[illegible]
65	SARASWATI DEBNATH[illegible]	SATISH DEBNATH	RUPASHI DEBNATH	[illegible]
66	KAMALA BAISHAB[illegible]	BAJA BANSHI BAISNAB	SHUKU BANSHI BAISNAB	[illegible]
67	LOKESH BHOWMIK[illegible]	HARIHAR BHOWMIK	BICHITRA BALA BHOWMIK	[illegible]
68	SHAKTI CHANDR DEBNATH[illegible]	HARILAL DEBNATH	SHACHI RANI DEBNATH	[illegible]
69	CHANDRA SHING[illegible]	NABA SHING	RAMANI SHING	[illegible]
70	LAXMI DEBNATH[illegible]	ROHINI DEBNATH	BIMALA DEBNATH	[illegible]
71	SUKU DEBBARMA[illegible]	OYAKHI RAI DEBBARMA	AIYKAM DEBBARMA	[illegible]
72	PRADIP DAS BAISHNAB[illegible]	GAOURANGA DAS BAISHNAB	GIRIBALA DAS BAISHNAB	[illegible]
73	BISHU KUMAR DEBBARMA[illegible]	KUL CHANDRA DEBBARMA	JAHARI DEBBARMA	[illegible]
74	PRANJIT DEBNATH[illegible]	DHIRENDRA CHANDRA DEBNATH	JOTINA RANI DEBNATH	[illegible]
75	SANKAR DEBNATH[illegible]	KALA DEBNATH	TARU BALA DEBNATH	[illegible]
76	GOPAL DEBNATH[illegible]	GOURANGA DEBNATH	JUGAMAYA DEBNATH	[illegible]
77	UTTAM DEBBARMA[illegible]	SUKU DEBBARMA	MANGALAXMI DEBBARMA	[illegible]
78	ARUNA DEBNATH[illegible]	BANKABIHARI DEBNATH	SHANTABALA DEBNATH	[illegible]
79	JYOTIKA DEBBARMA[illegible]	SAMBHU DEBBARMA	SUKULAXMI DEBBARMA	[illegible]
	ভিলেজের নাম : [illegible]			
80	HARALAL DEBNATH[illegible]	HRIDAY DEBNATH	CHAPALA SUNDHARI DEBNATH	[illegible]
81	BIJAY CHAKROBATY[illegible]	NIRMAL CHANDRA CHAKRABATI	LAXMI RANI CHAKRABOTI	[illegible]
82	TINKU MAJUMDAR[illegible]	GOPAL MAJUMDAR	LAXMI MAJUMDAR	[illegible]
83	SHANKAR DAS[illegible]	KANU DAS	KHELAN DAS	[illegible]
84	SUDIP DEV[illegible]	ATUL DEV	MALATI DEV	[illegible]
85	ABDUL MUNAB[illegible]	NUR MIAH	SAHENA BIBI	[illegible]
86	SANDHYA RANI MALAKAR[illegible]	RAJENDRA DAS	RAJU BALA DAS	[illegible]
87	KHURNAHERA KHATUN[illegible]			[illegible]
88	SEBENDRA SARKAR[illegible]	ABANI SARKAR	MANADA SARKAR	[illegible]
89	KESHAB ACHARIYA[illegible]	CHINTAHARAN ACHARIYA	ARATI ACHARIYA	[illegible]
90	ROMA DEV[illegible]	PROMOD DEV	RENU DEV	[illegible]
91	BIBAN GOSHAMI[illegible]	CHANDRA KANTA GOSHAMI	SHISU BALA GOSHAMI	[illegible]
92	PINTU MARAK[illegible]	JAMENDRA MARAK	MANMANI MARAK	[illegible]
93	SUBHASH LASKAR[illegible]	SHASHI MOHAN LASKAR	BINATA LASKAR	[illegible]
94	ISHAN MARAK[illegible]	JAMENDRA MARAK	MAN MANI MARAK	[illegible]
95	MANGAL DEBBARMA[illegible]	KAMALA KANTA	RUPKANYA DEBBARMA	[illegible]
96	NARAYAN DAS[illegible]	RATAN DAS	CHAYA RANI DAS	[illegible]
97	SWAPAN DEBNATH[illegible]	GOPAL DEBNATH	KUNJABASI DEBNATH	[illegible]
98	BIRENDRA DEBBARMA[illegible]	GAKUL SARDAR DEBBARMA	JUNU KUMARI DEBBARMA	[illegible]
99	SUNIL DAS[illegible]	ASHANI KUMAR DAS	SUR DHANI DAS	[illegible]
100	RANJIT ACHYA[illegible]	RABINDRA ACHYA	PRATIBHA ACHYA	[illegible]
101	DULAL CHANDRA DAS[illegible]	BADAL CHANDRA DAS	KALPANA DAS	[illegible]
102	MONTU SARKAR[illegible]	SONATAN SARKAR	KUMUDA SARKAR	[illegible]
103	AMAL SHYAM CHOUDARY[illegible]	HARIPAD SHYAM CHOUDHARI	MIRA RANI CHOUDHURY	[illegible]
104	ANUK SAHA[illegible]	PARIMAL SAHA	MALATI SAHA	[illegible]
105	RATAN CHOWRATY[illegible]	HARIPAD SHYAM CHOWRAY	MIRA RANI CHOWRAY	[illegible]
106	HARI NARAYAN DAS[illegible]	LAL MOHAN DAS	HEMALATA DAS	[illegible]
107	HARENDRA DEBNATH[illegible]	NABINDRA CHANDRA DEBNATH	KAMINI DEBNATH	[illegible]
108	MANTU DEV[illegible]	JUGENDRA CHANDRA DEV	NANI BALA DEV	[illegible]
109	RUPA DAS SARKAR[illegible]	LAB DAS	MATANG DAS	[illegible]
110	UTTAM SAHA[illegible]	PARIMAL SAHA	MALATI SAHA	[illegible]
111	SURJYA KANTA DEBNATH[illegible]	ABINASH DEBNATH	JALDA DEBNATH	[illegible]
112	PARITOSH DAS[illegible]	CHINTA HARAN DAS	SURA BALA DAS	[illegible]
113	SADHNA ARCHARJY[illegible]	HARIMOHAN ARACHAJI	KAMALA RANI ACHARJAY	[illegible]
114	SADHANA DEV[illegible]	NAGENDRA DEV	SHUSHI BALA DEV	[illegible]
115	NARAYAN DAS[illegible]	KUNJA MOHAN DAS	SUBASHASI DAS	[illegible]
116	KRISHNA KANTA DEBNATH[illegible]	MANINDRA KUMAR DEBNATH	RADHARANI DEBNATH	[illegible]
117	KHOUKAN CHANDRA DAS[illegible]	BADAL CHANDRA DAS	KALPANA DAS	[illegible]
118	GITA BANIK[illegible]	NERENDRA CHANDRA BANIK	RADHA RANI BANIK	[illegible]
119	NIKHIL SARKAR[illegible]	JAGESWAR SARKAR	PATIBALA SARKAR	[illegible]
120	SHIBU DEV[illegible]	HARAN DEV	ARCHANA DEV	[illegible]
121	NARAYAN ACAHRYA[illegible]	BIDHUBHUSAN ACHARYA	NONIBALA ACHARYA	[illegible]
122	KAMAL DEB[illegible]	NITAI CHANDRA DEB	SUNATI DEB	[illegible]
	ভিলেজের নাম : [illegible]			
123	SHAMAU DEBBARMA[illegible]	PUNIRAM DEBBARMA		[illegible]
124	RABI DEBBARMA[illegible]	HARI KRISHNA DEBBARMA	SUBANYA DEBBARMA	[illegible]
125	PRAWATI DEBBARMA[illegible]	BACHMAN DEBBARMA	SATYA LAXMI DEBBARMA	[illegible]
126	SUKUMAR DEBBARMA[illegible]	SHYAMACHARAN DEBBARMA	MADHUPATI DEBBARMA	[illegible]
127	SUNIL DEBBARMA[illegible]	NABAKUMAR DEBBARMA	SHUKULAXMI DEBBARMA	[illegible]
128	RABI DEBBARMA[illegible]	DEBENDRA DEBBARMA	FULAPATI DEBBARMA	[illegible]
129	SHANGU CHARAN DEBBARMA[illegible]	MUKUL CHANDAN DEBBARMA	SHUKU LAXMI DEBBARMA	[illegible]
130	NABAALAXMI DEBBARMA[illegible]	SHARAT DEBBARMA	CKANSHAKAR DEBBARMA	[illegible]
131	SANDHYA DEBBARMA[illegible]	SHUKUCHANDRA DEBBARMA	ANYA LAXMI DEBBARMA	[illegible]
132	RAN KUMAR DEBBARMA[illegible]	SHYAMRAI DEBBARMA	MANGA LAXMI DEBBARMA	[illegible]
133	CHITTARANJAN DEBBARMA[illegible]	JOYKUMAR DEBBARMA	MANGALAXMI DEBBARMA	[illegible]
134	SHULAXMI DEBBARMA[illegible]	PURNACHANDRA DEBBARMA		[illegible]
135	JAHAR DEBBARMA[illegible]	KHANGKARAI DEBBARMA	SHUKULAXMI DEBBARMA	[illegible]
136	GITAP DEBBARMA[illegible]	PANMGJRAY DEBBARMA	MADHUMALA DEBBARMA	[illegible]
137	JUNUKUMARI DEBBARMA[illegible]	SUHI CHANDRA DEBBARMA	BUDHULAXMI DEBBARMA	[illegible]
138	MANU DEBBARMA[illegible]	KRISHRA DEBBARMA	RABRANG DEBBARMA	[illegible]
139	BISHU KUMAR DEBBARMA[illegible]	SODRA DEBBARMA	BUDHU ALIMI DEBBARMA	[illegible]
140	MANGAL DEBBARMA[illegible]	[illegible] DEBBARMA	[illegible] DEBBARMA	[illegible]
141	SADHAN DEBBARMA[illegible]	UMESH DEBBARMA		[illegible]
142	SURENDRA DEBBARMA[illegible]	RAMESH DEBBARMA	SUCHITRA DEBBARMA	[illegible]
143	KHILINGTI DEBBARMA[illegible]	FALGUNA DEBBARMA	MANGATI DEBBARMA	[illegible]
144	PRABHARANI DEBBARMA[illegible]	MANGAL DEBBARMA	KAMALA DEBBARMA	[illegible]
145	BISHU DEBBARMA[illegible]	ADHANI DEBBARMA	SREEMATI DEBBARMA	[illegible]
146	REKHA DEBBARMA[illegible]	SAMPRAI DEBBARMA	MANGALAXMI DEBBARMA	[illegible]
147	SUKU DEBBARMA[illegible]	LANGU DEBBARMA	SATYALAXMI DEBBARMA	[illegible]
148	ABHIRAM DEBBARMA[illegible]	SURENDRA DEBBARMA	BESUA DEBBARMA	[illegible]
149	BUDHU DEBBARMA[illegible]	BURYA DEBBARMA	SAMPATI DEBBARMA	[illegible]
150	BUDHULAXMI DEBBARMA[illegible]	BISHWAMANI DEBBARMA	RADHIKA DEBBARMA	[illegible]
151	BISHUKUMAR DEBBARMA[illegible]	SHAMBU DEBBARMA	KHULAXMI DEBBARMA	[illegible]
152	SANDHYARAM DEBBARMA[illegible]	SAMPRAI DEBBARMA	KAHAR DEBBARMA	[illegible]
153	SAMIR DEBBARMA[illegible]			[illegible]
154	SUJIT DEBBARMA[illegible]	SUKU DEBBARMA	BUDHULAXMI DEBBARMA	[illegible]
155	RAJESH DEBBARMA[illegible]	SHAMBU DEBBARMA	SUKULAXMI DEBBARMA	[illegible]
156	CHANDRAKANTA DEBBARMA[illegible]	JOGENDRA DEBBARMA	SAMBHATI DEBBARMA	[illegible]
157	SHUKURAM DEBBARMA[illegible]	PUNIRAM DEBBARMA	KARNATI DEBBARMA	[illegible]
পাওয়া যায়নি। কিন্তু ওই অনুপ্রবেশকারীকে শনাক্ত করার জন্য বিজিবি-কে জানানো হয়েছে। তিনি বলেন, আজ সকাল ৯-টা নাগাদ ওই অনুপ্রবেশকারী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।



কোবিন্দ থেকে মোদী, মিলখা-প্রয়াণে শোকস্তব্ধ অনেকেই

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): কোভিড রিপোর্ট নেগেটিভ এলেও, করোনা-পরবর্তী সমস্যায় ভুগছিলেন কিংবদন্তি দৌড়বিদ মিলখা সিং। শুক্রবার রাতে চণ্ডীগড়ের পিজিআইএমইআর হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন মিলখা সিং। মিলখা-প্রয়াণে শোক জ্ঞাপন করেছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী কিরেণ রিজিজু থেকে শুরু করে একাধিক রাজনৈতিক নেতাও শোকপ্রকাশ করেছেন।

রাষ্ট্রপতি : শোকবার্তায় রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ জানিয়েছেন, 'স্পোর্টিং আইকন মিলখা সিংয়ের প্রয়াণ হৃদয়কে দুঃখে ভরিয়ে তুলল। তাঁর সংগ্রাম ভারতের ভবিষ্যৎ প্রজন্মকে প্রেরণা জোগাতে থাকবে।'

প্রধানমন্ত্রী : প্রধানমন্ত্রী টুইট করে শোক-বার্তায় জানিয়েছেন, 'মিলখা সিংয়ের প্রয়াণে আমরা এক বিশাল ক্রীড়াবিদকে হারালাম, যিনি দেশের স্বপ্নকে ধরতে পেরেছিলেন। অসংখ্য ভারতীয়র হৃদয়ে বিশেষ স্থান অধিকার করেছিলেন তিনি। তাঁর ব্যক্তিত্ব তাঁকে কোটি কোটি মানুষের মনে জায়গা করে দিয়েছিল। তাঁর প্রয়াণে গভীর শোকাহত।' আরও একটি টুইটে মোদী লেখেন, 'কয়েক দিন আগেই মিলখা সিংয়ের সঙ্গে আমার কথা হয়েছিল। সেটাই যে শেষ কথা হবে জানতাম না। তাঁর জীবনের লড়াই থেকে শক্তি নিক অসংখ্য উঠতি ক্রীড়াবিদ। তাঁর পরিবার ও ভক্তদের আমি সমবেদনা জানাই।'

স্বরাষ্ট্রমন্ত্রী : টুইট করেছেন দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও। তিনি টুইটে লেখেন, 'ভারতের কিংবদন্তি ক্রীড়াবিদ, উড়ন্ত শিখ, মিলখা সিংয়ের প্রয়াণে দেশ শোকাহত। বিশ্বের ক্রীড়াজগতে তাঁর অনেক অবদান রয়েছে। তাঁর পরিবারকে আমার সমবেদনা।'

কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী : দেশের ক্রীড়ামন্ত্রী কিরেন রিজিজু টুইটে লেখেন, 'আমি প্রতিজ্ঞা করছি আমরা আপনার শেষ ইচ্ছে পূরণ করব। ভারত একজন নক্ষত্রকে হারাল। মিলখা সিং আমাদের ছেড়ে গেলেও প্রত্যেক ভারতীয়কে উদ্বুদ্ধ করবেন। তাঁর পরিবারকে আমি সমবেদনা জানাই। আত্মার শান্তি কামনা করছি।'

স্কটল্যান্ডের বিরুদ্ধে গোলশূন্য ড্র করল ইংল্যান্ড

লন্ডন, ১৯ জুন (হি.স) : ইংল্যান্ডের জয়ের পথে কাঁটা হয়ে দাঁড়াল স্কটল্যান্ড। শুক্রবার রাতে মর্যাদার লড়াইয়ে একাধিক গোলের সুযোগ পেয়েও জিততে পারলেন না ফিল ফডেনরা। ইউরোর প্রথম ম্যাচে বিশ্বকাপে রানার্স ক্রোয়েশিয়াকে ১-০ হারালেও এদিন হ্যারি কেনের ব্যর্থতায় জয়ের মুখ দেখতে পেল না ইংল্যান্ড। শুক্রবার ওয়েম্বলি স্টেডিয়ামে স্কটল্যান্ডের বিরুদ্ধে অসংখ্য সুযোগ পেয়েও গোল করতে ব্যর্থ হয়েছে ইংল্যান্ড। জন স্টোনসের হেড পোস্টে লেগে ফিরে আসে। স্কটল্যান্ডেরও নিশ্চিত গোল বাঁচান ইংল্যান্ডের গোলরক্ষক জর্ডান পিকফোর্ড। এই ড্রয়ের ফলে দুই ম্যাচে চার পয়েন্ট নিয়ে 'ডি' গ্রুপের দ্বিতীয় স্থানে থাকল ইংল্যান্ড। শেষ ষোলোয় যোগ্যতা অর্জনের আশাও আপাতত অপূর্ণ থাকল স্টার্লিংদের।

গ্লাসগোর হ্যাম্পডেন পার্কে এ বার ইউরোর প্রতি ম্যাচেই গোল করা প্রায় অভ্যাসে পরিণত করে ফেলেছেন চেক প্রজাতন্ত্রের প্যাট্রিক শিক। প্রথম ম্যাচে স্কটল্যান্ডের বিরুদ্ধে জোড়া গোলের পরে শুক্রবার একই মাঠে গত বিশ্বকাপের রানার্স ক্রোয়েশিয়ার বিরুদ্ধেও পেনাল্টিতে গোল করলেন তিনি। ম্যাচ যদিও শেষ পর্যন্ত ১-১ ড্র হল। দ্বিতীয়ার্ধের শুরুতেই সমতা ফেরান ক্রোয়েশিয়ার ফরোয়ার্ড ইভান পেরিসিচ। গ্রুপ 'ডি'-র এই ম্যাচ জিতলেই প্রি-কোয়ার্টার ফাইনালে চলে যেত চেকরা। ম্যাচ অমীমাংসিত হওয়ায় ভ্লাদিমির দারিদার দল দুই ম্যাচে চার পয়েন্ট নিয়ে পরের রাউন্ডে যাওয়ার আশা জাগিয়ে রাখল।

মিলখা সিংকে শ্রদ্ধা জানাতে সাউদাম্পটনে হাতে কালো ব্যান্ড বেঁধে মাঠে নামলেন বিরাটরা

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স) : কিংবদন্তি অ্যাথলিট মিলখা সিংকে শ্রদ্ধা জানাতে শনিবার সাউদাম্পটনে আইসিসি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ভারতীয় খেলোয়াড়রা হাতে কালো ব্যান্ড বেঁধে মাঠে খেলছেন বলে বিসিসিআই থেকে টুইট করে এই বার্তা দেওয়া হয়েছে। সাউদাম্পটনের এজিয়েস বোলে শুরু হল আইসিসি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল। বৃষ্টিতে প্রথম দিনের খেলা ভেস্তে যাওয়ার পর দ্বিতীয় দিনে নির্দিষ্ট সময় শুরু হলো কাপ যুদ্ধ। ভারত ঘোষিত প্রথম একাদশ অপরিবর্তিত রেখেই শনিবার মহারণে নামল। এদিন টস জেতেন নিউজিল্যান্ডের ক্যাপ্টেন কেন উইলিয়ামসন। তিনি বিরাট কোহলিদের ব্যাটিংয়ে আমন্ত্রণ জানিয়েছেন। রোহিত শর্মা ও শুভমান গিলের জুটিতে ভারত ব্যাটিং শুরু করে। শুক্রবার রাতেই প্রয়াত হয়েছেন কিংবদন্তি অ্যাথলিট মিলখা সিং। এক মাসের ওপর কোভিডের সঙ্গে লড়াই করে শেষ পর্যন্ত জীবনের ট্র্যাক থেকে ছিটকে গেলেন দেশের অলিম্পিয়ান অ্যাথলিট। মিলখাকে শ্রদ্ধা জানাতেই এদিন বিরাটরা হাতে কালো ব্যান্ড বেঁধে মাঠে নামেন।

মিলখা সিংয়ের প্রয়াণে শোকবার্তা বলিউডের

মুম্বই, ১৯ জুন (হি.স.): ১৯৬০ সালে রোম অলিম্পিক্সে চতুর্থ হয়েছিলেন মিলখা। পদক না পেলেও ভারতের পতাকা যেন তিনিই উঁচু করে দিয়েছিলেন বিশ্ব মঞ্চে। তাঁর মৃত্যুতে শুধু ক্রীড়া জগত নয়, শোকের ছায়া বলিউডেও। শাহরুখ খান টুইট করে লেখেন, 'উড়ন্ত শিখ আর আমাদের মধ্যে নেই, তবুও তাঁর অস্তিত্ব অস্বীকার করা যাবে না। আমার অনুপ্রেরণা, লক্ষ মানুষের অনুপ্রেরণা। ভাল থাকবেন মিলখা স্যর।' আফসোস করছেন অক্ষয় কুমার। টুইট করে লেখেন, 'মিলখা সিংহের মৃত্যুতে শোকাহত। রুপোলি পর্দায় তাঁর চরিত্রে অভিনয় না করতে পারার দুঃখ আমার সারা জীবনের।' অমিতাভ বচ্চন লেখেন, 'গভীর ভাবে শোকাহত। ভারতের গর্ব, দারুণ দৌড়বিদ, আরও ভাল মানুষ, মিলখা সিংহ চলে গেলেন।' শোকাহত রবিনা টেন্ডন, তাপসি পান্নু, প্রিয়াঙ্কা চোপড়া, রীতেশ দেশমুখ, অনুপম খেরও।

PNIT NO: ePT16/EE/RD/DIV/KCP/2021-22 Dt. 18.06.2021
The Executive Engineer, R.D Kanchanpur Division, Kanchanpur, North Tripura invites tender from eligible bidders up to **11.00 AM on 29.06.2021** for 03 (Three) No. projects under R.D. Kanchanpur Division during the year 2021-22. For details visit **https//tripuratenders.gov.in** or contact at Mobile No: 8731817713 for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

Executive Engineer
RD Kanchanpur Division
Kanchanpur, North Tripura
ICA-C-1070/2021-22

PNIT NO: ePT15/EE/RD/DIV/KCP/2021-22 Dt. 17.06.2021
The Executive Engineer, R.D Kanchanpur Division, Kanchanpur, North Tripura invites tender from eligible bidders up to **11.00 AM on 25.06.2021** for 02 (Four) No. projects under R.D. Kanchanpur Division during the year 2021-22. For details visit https://tripuratenders.gov.in or contact at Mobile No: 8731817713 for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

Executive Engineer
RD Kanchanpur Division
Kanchanpur, North Tripura
ICA-C-1069/2021-22

PRESS NOTICE INVITING e TENDER No:-04/EO/TRRDA/2021-22 date: 16/06/2021
PRADHAN MANTRI GRAM SADAK YOJANA
The **Empowered Officer,** Tripura RRDA on behalf of Governor of Tripura invites the percentage rate bids in electronic tendering system for construction of road under Pradhan Mantri Gram ,Sadak Yojana in the district of **Dhalai for 2 number of packages (2 road works & 3 LS Bridges) with estimated cost for T806.17 lakh** including performance based maintenance for five years from the eligible contractor of appropriate class registered with PWD/ TTAADC/MES/CPWD/ Railway / Other State PWD/Central & State Public Sector undertakings.
Date of release of Invitation for Bids through e-procurement: 16/06/2021 (dd/mm/yyyy) Last Date/ Time for receipt of bids through e-procurement: 06/07/2021 upto 1500 HRS. For further details please log on to www.pmgsytenderstrp.gov.in

Empowered Officer, Tripura RRDA
7th Block,2nd Floor, Secretariat Building, Agartala
ICA-C-1064/2021-22

বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপে টসে জিতে ভারতকে ব্যাটিং করতে পাঠাল নিউজিল্যান্ড

সাউদাম্পটন, ১৯ জুন (হি.স.): শুরু হল বহু প্রতীক্ষিত বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল। এদিন টসে জিতে ভারতকে ব্যাটিং করতে পাঠায় নিউজিল্যান্ড। ভারতের হয়ে ওপেন করতে নামেন রোহিত ও গিল। বোলিং শুরু করেন সাউদি। প্রথম বলেই ৩ রান নেন রোহিত। প্রথমবার টেস্টের বিশ্বচ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্যে সাউদাম্পটনে মুখোমুখি ভারত-নিউজিল্যান্ড। অবিরাম বৃষ্টির জন্য বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের প্রথম দিনের খেলা ভেস্তে যায়। এমনকি টস পর্যন্ত অনুষ্ঠিত হয়নি। দ্বিতীয় দিনের সকালে সূর্যের দেখা মিললেও বৃষ্টির পূর্বাভাষ রয়েছে দ্বিতীয় দিনেও। তবে আকাশ মেঘাচ্ছন্ন। আপাতত দ্বিতীয় দিনে বৃষ্টি হয়নি। তাই খেলা নির্ধারিত সময়ে শুরু হয় শনিবার নির্ধারিত সময়ে হয় টস। টসে জিতল নিউজিল্যান্ড। কেন উইলিয়ামসন প্রথমে বল করার সিদ্ধান্ত নেন। ভারত শুরুতে ব্যাটিং করবে। শুরুতে বোলিং করতে চেয়েছিল ভারতও। অধিনায়ক বিরাট কোহলি মেনে নেন যে, ভারতও শুরুতে বোলিং করতে চেয়েছিল। তবে ব্যাটিং করতে হওয়ায় অখুশি নন তিনি। কোহলি আরও বলেন, 'বড় ফাইনাল। যত বেশি সম্ভব স্কোরবোর্ডে রান তুলতে হবে। আমাদের দু'দন স্পিনার যে কোনও পরিবেশে ভালো পারফর্ম করতে পারে।" ভারত ম্যাচের আগে ঘোষিত প্রথম একাদশে কোনও বদল করেনি। ভারত জোড়া স্পিনারে মাঠে নামলেও নিউজিল্যান্ড দলে জায়গা হল না কোনও স্পিন বোলারের। চারজন বিশেষজ্ঞ পেসারের সঙ্গে পেসার-অলরাউন্ডার কলিন ডি"গ্র্যান্ডহোমকে দলে রাখল নিউজিল্যান্ড। জায়গা হল না স্পিনার আজাজ প্যাটেলের।

ভারতের প্রথম একাদশ : ম্যাচের আগের দিনই ভারত তাদের প্রথম একাদশ ঘোষণা করে দেয়। টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ভারতের হয়ে মাঠে নামবেন রোহিত শর্মা, শুভমন গিল, চেতেশ্বর পূজারা, বিরাট কোহলি (অধিনায়ক), অজিঙ্কা রাহানে, ঋষভ পন্ত (উইকেটকিপার), রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজা, জসপ্রীত বুমরাহ, ইশান্ত শর্মা ও মহম্মদ শামি।

নিউজিল্যান্ডের প্রথম একাদশ: টম লাথাম, ডেভন কনওয়ে, কেন উইলিয়ামসন (অধিনায়ক), রস টেলর, হেনরি নিকোলস, বিজে ওয়াটলিং (উইকেটকিপার), কলিন ডি"গ্র্যান্ডহোম, কাইল জেমিসন, টিম সাউদি, নেইল ওয়াগনার ও ট্রেন্ট বোল্ট।

হিন্দুস্থান সমাচার / কাকলি

কোপায় দ্বিতীয় ম্যাচে জয়ের স্বাদ মেসিদের, উরুগুয়েকে হারাল আর্জেন্টিনা

ব্রাসিলিয়া, ১৯ জুন (হি.স) : কোপা আমেরিকায় অবশেষে জ্বলে উঠল লিওনেল মেসির আর্জেন্টিনা। চিলির বিরুদ্ধে প্রথম ম্যাচে পয়েন্ট নষ্টের পর দ্বিতীয় ম্যাচে পুরো তিন পয়েন্ট ঘরে তুলল তারা। মেসির পাস থেকে গুইডো রডরিগেজের একমাত্র গোলে সুয়ারেজদের উরুগুয়েকে হারিয়ে টুর্নামেন্টে প্রথম জয় পেল আর্জেন্টিনা। কোপার শুরু থেকেই দুরন্ত ফর্মে রয়েছে নেইমারের ব্রাজিল। গোল করে এবং করিয়ে এখনও পর্যন্ত দুটি ম্যাচেই জয় এনে দিয়েছেন সেলেকাওদের। শনিবার ভারতীয় সময় ভোর সাড়ে পাঁচটায় উরুগুয়ের মুখোমুখি হয়েছিলেন মেসিরা। খেলার শুরু থেকেই সাবধানী ছিল দুই দল। কিন্তু প্রথম ১৫ মিনিটেই গোলের মুখ খুলে ফেলে আর্জেন্টিনা। বাঁ-দিক থেকে অনবদ্য সেন্টার করেন মেসি। আর তাতে দুরন্ত হেডে গোল করে দলকে এগিয়ে দেন গুইডো রডরিগেজ। এর পর প্রথমার্ধ জুড়ে আক্রমণ-প্রতিআক্রমণে খেলা চলতে থাকে। কিন্তু উরুগুয়ে গোল শোধ করতে পারেনি। উলটোদিকে, একক প্রয়াসে বারংবার ক্লাব দলে নিজের প্রাক্তন সতীর্থ সুয়ারেজের দলকে পরাস্ত করার চেষ্টা করেও সফল হতে পারেননি মেসি। গোডিন-জিমেনিজের রক্ষণ বারংবার আটকে যেতে হয়েছে তাঁকে। এরপর দ্বিতীয়ার্ধে আক্রমণের তীব্রতা আরও বাড়ায় উরুগুয়ে। গোলশোধের মরিয়া চেষ্টা করতে থাকেন সুয়ারেজরা। উলটোদিকে ব্যবধান বাড়ানোর চেষ্টায় ছিলেন মেসিরা। কিন্তু কোনও দলই নিজেদের লক্ষ্যে সফল হয়নি। শেষপর্যন্ত ১-০ ব্যবধানেই উরুগুয়েকে পরাস্ত করল আর্জেন্টিনা।

ইউরোর 'এফ' গ্রুপের রুদ্ধশ্বাস লড়াইয়ে মুখোমুখি পর্তুগাল এবং জার্মানি

মিউনিখ, ১৯ জুন (হি.স) : ইউরোর 'এফ' গ্রুপের রুদ্ধশ্বাস লড়াইয়ে শনিবার রাতে মুখোমুখি হচ্ছে পর্তুগাল এবং জার্মানি। গ্রুপের তিন দাবিদারই পর্তুগাল, ফ্রান্স ও জার্মানি শেষ ষোলোয় পৌঁছতে মরিয়া।

হাঙ্গেরিকে ৩-০ গোলে হারিয়ে ইউরোয় যাত্রা শুরু করে গত বারের চ্যাম্পিয়ন পর্তুগাল। ঘরের মাঠে প্রথম ম্যাচেই ফ্রান্সের কাছে ০-১ হেরে গিয়েছে জার্মানি। শেষ ষোলোয় খেলার আশা বাঁচিয়ে রাখার জন্য শনিবারের ম্যাচ জিততেই হবে থোমাস মুলারদের। আবার পর্তুগালের কাছেও এই ম্যাচের গুরুত্ব অপরিসীম। জার্মানির বিরুদ্ধে জিতে এক ম্যাচ বাকি থাকতেই শেষ ষোলোয় খেলা নিশ্চিত করতে মরিয়া ক্রিশ্চিয়ানো রোনাল্ডোরা। কারণ, পর্তুগালের শেষ ম্যাচ ফ্রান্সের বিরুদ্ধে।

মিউনিখে পর্তুগাল-জার্মানি ম্যাচে প্রধান আকর্ষণ অবশ্যই রোনাল্ডো বনাম মুলার দ্বৈরথ। প্রথম জন হাঙ্গেরির বিরুদ্ধে প্রথম ম্যাচে শেষ মুহূর্তে জোড়া গোল করে কিংবদন্তি মিশেল প্লাতিনির নজির ভেঙে নতুন কীর্তি গড়েছেন। দ্বিতীয় জনের আড়াই বছর পরে জাতীয় দলে প্রত্যাবর্তন সুখকর হয়নি। পরিসংখ্যানের বিচারে জার্মানি এগিয়ে থাকলেও বাস্তবের ছবিটা সম্পূর্ণ আলাদা। নেশনস লিগে স্পেনের বিরুদ্ধে ০-৬ বিপর্যয়। তার পরে বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে ১-২ হার উত্তর ম্যাসিডোনিয়ার কাছে। পর্তুগালের বিরুদ্ধে হাঙ্গেরির ফুটবলারদের মূল লক্ষ্য ছিল রোনাল্ডোকে গোল করতে না দেওয়া। কিন্তু সি আর সেভেনকে আটকাতে পারেনি তাঁরা। শনিবার প্রবল চাপে থাকা ম্যাটস হুমেলসদেরও অগ্নিপরীক্ষা রোনাল্ডো, ব্রুনো ফার্নান্দেস, বার্নার্দো সিলভা ত্রয়ীর বিরুদ্ধে।

মধ্যাহ্নভোজের বিরতির আগে দুই ওপেনারকে হারিয়ে চাপে ভারত

সাউদাম্পটন, ১৯ জুন (হি.স.): সাউদাম্পটনে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের প্রথম দিনেই দুই ওপেনারকে হারিয়ে চাপে ভারত। মধ্যাহ্নভোজের বিরতিতে ভারত প্রথম ইনিংসে ২ উইকেটের বিনিময়ে ৬৯ রান তুলেছে। তারা দিনের প্রথম সেশনে ২৮ ওভার ব্যাট করে। রোহিত শর্মা (৩৪) ও শুভমন গিল (২৮) রান করে আউট হন। ১টি করে উইকেট নেন জেমিসন ও ওয়াগনার। প্রথমবার টেস্টের বিশ্বচ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্যে সাউদাম্পটনে মুখোমুখি ভারত-নিউজিল্যান্ড। অবিরাম বৃষ্টির জন্য বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের প্রথম দিনের খেলা ভেস্তে যায়। এমনকি টস পর্যন্ত অনুষ্ঠিত হয়নি। তবে শনিবার নির্ধারিত সময়ে হয় টস। টসে জিতে কেন উইলিয়ামসন প্রথমে বল করার সিদ্ধান্ত নেন। চারজন বিশেষজ্ঞ পেসারের সঙ্গে পেসার-অলরাউন্ডার কলিন ডি" গ্র্যান্ডহোমকে খেলাচ্ছে নিউজিল্যান্ড। এদিন প্রথম দিকে ভারতের দুই ওপেনার ভালোই খেলছিলেন। তবে ভারতীয় শিবিরে প্রথম ধাক্কা দিলেন কাইল জেমিসন। ২১তম ওভারের প্রথম বলে রোহিত শর্মার উইকেট তুলে নেন তিনি। ৬টি বাউন্ডারির সাহায্যে ৬৮ বলে ৩৪ রান করে সাউদির হাতে ধরা পড়েন হিটম্যান। ভারত ৬২ রানে প্রথম উইকেট হারায়। ক্রিজে নতুন ব্যাটসম্যান পূজারা। এর পর ম্যাচে নিজের প্রথম ওভার বল করতে এসেই শুভমন গিলের উইকেট তুলে নিলেন ওয়াগনার। ২৫তম ওভারের তৃতীয় বলে ওয়াটলিংয়ের দস্তানায় ধরা পড়েন শুভমন। ৩টি বাউন্ডারির সাহায্যে ৬৪ বলে ২৮ রান করে ক্রিজ ছাড়েন গিল। ক্রিজে নতুন ব্যাটসম্যান কোহলি। কোহলি ৬ রানে অপরাজিত রয়েছেন। পূজারা এখনও খাতা খোলেননি।

ভারতের প্রথম একাদশ : ম্যাচের আগের দিনই ভারত তাদের প্রথম একাদশ ঘোষণা করে দেয়। টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ভারতের হয়ে মাঠে নামবেন রোহিত শর্মা, শুভমন গিল, চেতেশ্বর পূজারা, বিরাট কোহলি (অধিনায়ক), অজিঙ্কা রাহানে, ঋষভ পন্ত (উইকেটকিপার), রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজা, জসপ্রীত বুমরাহ, ইশান্ত শর্মা ও মহম্মদ শামি।

নিউজিল্যান্ডের প্রথম একাদশ: টম লাথাম, ডেভন কনওয়ে, কেন উইলিয়ামসন (অধিনায়ক), রস টেলর, হেনরি নিকোলস, বিজে ওয়াটলিং (উইকেটকিপার), কলিন ডি"গ্র্যান্ডহোম, কাইল জেমিসন, টিম সাউদি, নেইল ওয়াগনার ও ট্রেন্ট বোল্ট।

পাঁচের পাতার পর —

1021	GOUTAM TANTI[illegible]	ARJUN TANTI	UTALI TANTI	[illegible]
1022	Sukrito Karela[illegible]	Sahadeb Karela	Anjali Karela	[illegible]
1023	Anjali Majumdar[illegible]	Chintaharan Dey	Pushpa Dey	[illegible]
	[illegible]			
1024	AJIY CHANDAR DEBANATH[illegible]	RAM DHAN DEBNAT	RADHA RANI DEBNATH	[illegible]
1025	NITAI DAS[illegible]	HARICHARAN DAS	SARASWATI DAS	[illegible]
1026	LAXMI CHAKRABORTY[illegible]	SONAI		[illegible]
1027	SUBHASH DEBNATH[illegible]	SUDHIR DEBNATH	LAXMI RANI DEBNATH	[illegible]
1028	BINOD DEBNATH[illegible]	JAY CHANDRA DEBNATH	SUPRABHA DEBNATH	[illegible]
1029	MAYARANI GHOSH[illegible]	GOPI BALLAV GHOSH	SHANDHYA GHOSH	[illegible]
1030	BIMAL DAS[illegible]	PRAKASH DAS	SHACHIRANI DAS	[illegible]
1031	DULAL SARKAR[illegible]	HARKUMAR SARKAR	KALPANA SARKAR	[illegible]
1032	BABUL PAL[illegible]	THAKURCHAN PAL	USHA RANI PAL	[illegible]
1033	SHANTI CHAKRABORTY[illegible]	BHARAT CHANDRA CHAKRABORTY	PRAN PRIYASI CHAKRABORTY	[illegible]
1034	SUBHASH DEY[illegible]	JAGESWAR DEY	CHAPALA DEY	[illegible]
1035	ANIL SARKAR[illegible]	GAKUL SARKAR	MEGHAI SARKAR	[illegible]
1036	GOURANGA DAS[illegible]	HARICHARAN DAS	SARASWATI DAS	[illegible]
1037	DHANANJOY DEB[illegible]	DHARANI DEB	LAPI DEB	[illegible]
1038	RABINDRA DAS[illegible]	SACHINDRA DAS	MILAN DAS	[illegible]
1039	AJIT DAS[illegible]	RANJIT DAS	PRIYARANI DAS	[illegible]
1040	TAPAN CHANDRA NAMA[illegible]	LAXMAN CHANDRA NAMA	KANAN BALA NAMA	[illegible]
1041	PRANENDRA MAJUMDER[illegible]	RAI MOHAN MAJUMDER	KHUSHI BALA MAJUMDER	[illegible]
1042	MITUN DAS[illegible]	NARESH DAS	SARASWATI DAS	[illegible]
1043	BHULU DEBNATH[illegible]	NAGENDRA CHANDRA DEBNATH	GITA RANI DEBNATH	[illegible]
1044	NARAYAN DAS[illegible]	SADANA DAS	RADHA RANI DAS	[illegible]
1045	MANIK SHHIL[illegible]	NEPAL SHIL	MALATI SHIL	[illegible]
1046	PURNALAXMI SAHA[illegible]	MANOHOR LAL ROY		[illegible]
1047	HARADHAN DAS[illegible]	RAMANATH DAS	PARULBALA DAS	[illegible]
1048	BHULU DEY[illegible]	RAMANI MOHAN DEY	HARA KUMAR DEY	[illegible]
1049	SUMAN SAHA[illegible]	MANINDRA SAHA	DULU RANI SAHA	[illegible]
1050	SUKHADA DAS[illegible]	KNOWN	KNOWN	[illegible]
1051	CARUBALA ACHARJEE[illegible]	SARAT ACHARJEE	PADMAMUKHI ACHARJEE	[illegible]
1052	NANTU DAS[illegible]	MANINDAR CHANDAR DAS	MALATI DAS	[illegible]
1053	AMITABH ROY[illegible]	KANAILAL ROY	SANDHYA ROY	[illegible]
1054	PURNIMA GHOSH[illegible]	KSHIRENDRA LAL SINGHA	BASANTI RANI SINGHA	[illegible]
1055	BADAL SARKAR[illegible]	SYAM DULAL SARKAR	RENU BALA SARKAR	[illegible]
1056	SINIL CHANDRA DAS[illegible]	AKHIL CHANDRA DAS	JASHODA DAS	[illegible]
1057	RASMANI MANDAL[illegible]	AMARCHAN MALLIK	RANGABALA MALLIK	[illegible]
1058	GOUR CHANDRA SAHA[illegible]	KISHORE MOHAN SAHA	ADARI BALA SAHA	[illegible]
1059	MAYA RANI SARKAR[illegible]	JOGESH BISWAS	JOSTNA BISWAS	[illegible]
1060	NARAYAN BANIK[illegible]	DHARANI BANIK	PUSHPA BANIK	[illegible]
1061	RAKHAL DAS[illegible]	SHASHI MOHAN DAS	MANADA DAS	[illegible]
1062	MAHADEB SARKAR[illegible]	DINABANDHU SARKAR	SABITRI SARKAR	[illegible]
1063	MINATI MALAKAR[illegible]	LAL MOHAN DAS	JOTSHNA DAS	[illegible]
1064	NIRMAL ADHIKARI[illegible]	NITAI ADHIKARI	TILOTTAMA ADHIKARI	[illegible]
1065	ASHALATA DAS[illegible]	BIREN DAS	SHUBHA DAS	[illegible]
1066	PRADIP SAHA[illegible]	MATILAL SAHA	KANAN LATA SAHA	[illegible]
1067	TAPAS DAS[illegible]	NIKHIL DAS	LAXMI DAS	[illegible]
1068	MARAN DEY[illegible]	HARENDRA DEY	PRIYA BALA DEY	[illegible]
1069	SURABALA NAMA[illegible]			[illegible]
1070	JYOTSNA BISWAS[illegible]	ASWINI BISWAS	KSHIR BISWAS	[illegible]
1071	TAPAN SARKAR[illegible]	SURENDRA SARKAR	PARBATI SARKAR	[illegible]
1072	ASHULATA DEBNATH[illegible]	ROYCHAN CH. DEBNATH	LALITA DEBNATH	[illegible]
1073	ANUKUL DAS[illegible]	ABHINATH DAS	KNOWN	[illegible]
1074	SANJIT DAS[illegible]	SAMARENDRA DAS	SABITA DAS	[illegible]
1075	NIDHARAN DEBBARMA[illegible]	ADHIR DEBBARMA	ARTI DEBBARMA	[illegible]
1076	SARALA GOSWAMI[illegible]	UPENDRA GOSWAMI	SARADA GOSWAMI	[illegible]
1077	GOUR DAS SARKAR[illegible]	TARINI SARKAR	SUNABASI SARKAR	[illegible]
1078	CHANDAN DEBNATH[illegible]	GOPAL DEBNATH	GITA DEBNATH	[illegible]
1079	CHANDRA BISWAS[illegible]	JATINDRA MOHAN DAS	RANI BALA DAS	[illegible]
1080	NOKAN DAS[illegible]	JATINDRA DAS	RENU BALA DAS	[illegible]
1081	MANIKA DEY[illegible]	DILIP DEY	RATNA DEY	[illegible]
1082	CHAYARANI DEY[illegible]	JOYCHANDRA DEY	BIRANGA DEY	[illegible]
1083	PARUL DAS[illegible]			[illegible]
1084	HARADHAN DAS[illegible]	RAMANI KUMAR DAS	PRIYA TARA DAS	[illegible]
1085	MARAN DAS[illegible]	HARI MOHAN DAS	SURBALA DAS	[illegible]
1086	JIBAN DEBBARMA[illegible]	NANI GOPAL DEBBARMA	PUTUL DEBBARMA	[illegible]
1087	PARIMAL SARKAR[illegible]	HARADHAN SARKAR	SHANTI SARKAR	[illegible]
1088	BABUL DAS[illegible]	DILIP DAS	KALPANA DAS	[illegible]
1089	DILIP DAS[illegible]	DEBENDRA DAS	LAXMI DAS	[illegible]
1090	LAXMAN SHIL[illegible]	PARESH CH. SHIL	JYOTSNA SHIL	[illegible]
1091	SHIBHA RANI DAS[illegible]	LALMOHAN DAS	RENU BALA DAS	[illegible]
1092	SUSHANTA BHOWMIK[illegible]	SURESH CHANDRA BHOWMIK	PRATIMA BHOWMIK	[illegible]
1093	ASHOK CHAKRABORTY[illegible]	BINOD BIHARI CHAKRABORTY	NANIBALA CHAKRABORTY	[illegible]
1094	SURESH DEBNATH[illegible]			[illegible]
1095	NAKUL DEB[illegible]	HARI MOHAN DEB	MILAN DEB	[illegible]
1096	BHASHAN MAJUMDAR[illegible]	NANI GOPAL MAJUMDAR	ARCHANA MAJUMDAR	[illegible]
1097	ARCHANA DAS[illegible]	KALIPAD BHOWMIK	MILAN BALA BHOWMIK	[illegible]
1098	SANTOSH RANJAN SHARMA[illegible]	SASHI BHUSHAN SHARMA	SARALA SHARMA	[illegible]
1099	SHANKAR GHOSH[illegible]	SANATAN GHOSH	SHANDHYA RANI GHOSH	[illegible]
1100	RAKESH DAS[illegible]	SHANKAR DAS	RATNA DAS	[illegible]
1101	CHANDAN DEB[illegible]	SUNIL DEB	KHELA DEB	[illegible]
1102	SUNIL DAS[illegible]	HACHAN DAS	KUM DAS	[illegible]
1103	SUNIL DAS[illegible]	KRISHNA DAS	CHARUBALA DAS	[illegible]
1104	BISWAJIT DAS[illegible]	RAM CHARAN DAS	SUKHI RANI DAS	[illegible]
1105	SUBAL DAS[illegible]	DHIRENDRA CHANDRA DAS	NESHA RANI DAS	[illegible]
1106	CHANDRA ACHARJEE[illegible]	ACUTANANDA ACHARJEE		[illegible]
1107	NITAI DEBNATH[illegible]	RAI MOHAN DEBNATH	CHANDRA BASHI DEBNATH	[illegible]
1108	SANDHYA DAS[illegible]	KALI KUMAR DAS	SHANTI BALA DAS	[illegible]
1109	CHANDANA DAS[illegible]	RASRAJ DAS	MANDA DAS	[illegible]
1110	NEHARU LAL SARKAR[illegible]	HARIBOL SARKAR	BIRAJA SARKAR	[illegible]
1111	KANCHAN SARKAR[illegible]	KARTIK SARKAR	PARBATI SARKAR	[illegible]
1112	RATAN CHAKRABORTY[illegible]	HIRANMAY CHAKRABORTY	KANAN BALA CHAKRABORTY	[illegible]
1113	SRI KRISHNA DEBNATH[illegible]	KABIRAJ DEBNATH	DEBANTH	[illegible]
1114	BADAL DEBNATH[illegible]	HARALAL DEBNATH	UNKNOWN	[illegible]
1115	NIKHIL DAS[illegible]	HARIBHAKTA DAS	PRIYALATA DAS	[illegible]
1116	BINOD DAS[illegible]	JASHODA DAS	ALO RANI DAS	[illegible]
1117	DINESH PAUL[illegible]	PARSWANATH PAUL	BHABATARA PAUL	[illegible]
1118	AMRIT LAL DAS[illegible]	SUBAL CHANDRA DAS	BASANTI BALA DAS	[illegible]
1119	DULAL DAS[illegible]	HARIBHAKTA DAS	PRIYALATA DAS	[illegible]
1120	MANORANJAN BHATTACHARJEE[illegible]	HARIPADA BHATTACHARJEE	ASHA BHATTACHARJEE	[illegible]
1121	TAPAN DEBNATH[illegible]	SUBHASH DEBNATH	SHYAMAL DEBNATH	[illegible]
1122	GOPAL DAS[illegible]	SHARAT CHANDRA DAS	RAJ KISHORY DAS	[illegible]
1123	BENU CHAKRABORTY[illegible]	SATYENDRA CHAKRABORTY	JUTI CHAKRABORTY	[illegible]
1124	RABINDRA DAS[illegible]	UTAN DAS	JAY TARA DAS	[illegible]
1125	DIPALI DAS[illegible]	MANINDRA MALAKAR	BADLI MALAKAR	[illegible]
1126	CHANDAN SARKAR[illegible]	JATINDRA SARKAR	MILAN BASI SARKAR	[illegible]
1127	DULAL DEBNATH[illegible]	GIRINDRA CHANDRA DEBNATH	HIRAN BALA DEBNATH	[illegible]
1128	NARAYAN DAS[illegible]	PURNA DAS	SUNITI DAS	[illegible]
1129	BHAJAN BANIK[illegible]	HARIDAS BANIK	SARALANI BANIK	[illegible]
1130	KAMAL ACHARJEE[illegible]	RAM NARAYAN ACHARJEE	KUMUDINI ACHARJEE	[illegible]
1131	PRIYABALA SHIL[illegible]	KASHI CH. SHIL	RADHARANI SHIL	[illegible]
1132	HARIBAL SARKAR[illegible]	SUBAL SARKAR	NUTUL SARKAR	[illegible]
1133	ARCHANA DEB DAS[illegible]	PRAMOD CHANDRA DEB	USHA DEB	[illegible]
1134	MIDHIR CHANDRA DAS[illegible]	MANMOHAN DAS	ANNADA DAS	[illegible]
1135	SAJAL SARKAR[illegible]	JATINDRASARKAR	MILAN BALA SARKAR	[illegible]
1136	LAXMAN MAJUMDER[illegible]	CHANDRA SHEKHAR MAJUMDER	PRATIBHA MAJUMDER	[illegible]
1137	MITHAN DAS[illegible]	JOGESH DAS	ASHA LATA DAS	[illegible]
1138	BELU DEY[illegible]	BIRESWAR MAJUMDER	HEMALATA MAJUMDER	[illegible]
1139	MANIK DAS[illegible]	SUDHIR CHANDAR DAS	JUTHIKA RANI DAS	[illegible]
1140	NARAYAN DAS[illegible]	CHANDRA KISHOR DAS	KIRAN BALA DAS	[illegible]
1141	TAPAN DAS[illegible]	MITHAN DAS	JAY TARA DAS	[illegible]
1142	BASANA DEBNATH[illegible]	ANANDA DEBNATH	HACHANI DEBNATH	[illegible]
1143	SUNIL BISWAS[illegible]	RAKHAL BISWAS	KANAN BISWAS	[illegible]
1144	BINA RANI DEBNATH[illegible]	AKHIL DEBNATH	JANAKI DEBNATH	[illegible]
1145	SUDAM DEBNATH[illegible]	NAGAR BASI DEBNATH	UMA DEBNATH	[illegible]
1146	ANJALI SHIL[illegible]	HARENDRA SHIL	GITA SHIL	[illegible]
1147	BUDDHA CHAKRABORTY[illegible]	BIRENDRA CHAKRABORTY		[illegible]
1148	PULIN DEB[illegible]	BINOD DEB	USHA RANI DEB	[illegible]
1149	NARAYAN DAS[illegible]	RAMANI DAS	BHAGABATI DAS	[illegible]
1150	BIMAL GOSWAMI[illegible]	BHAGABAN GOSWAMI	ANIMA GOSWAMI	[illegible]
1151	UTAN GOSWAMI[illegible]	SATYA GOPAL GOSWAMI	BRAJAGOPI GOSWAMI	[illegible]
1152	KANAN BALA DEBNATH[illegible]	DEBENDRA DEBNATH	SURABALA DEBNATH	[illegible]
1153	UJALA GHOSH[illegible]	LALIT MOHAN DEY	BINA DEY	[illegible]
1154	KARTIK ACHARJEE[illegible]	HARI PRASANNA ACARJEE	CHANA BALA ACHARJEE	[illegible]
1155	BABUL CHANDRA DEY[illegible]	DHIRENDRA CHANDRA DEY	MALATI DEY	[illegible]
1156	SHANDHYARANI DAS[illegible]	KALACHAD DEB	NIRODA DEB	[illegible]
1157	NIRMAL DAS[illegible]	PRAKASH DAS	SHACHI RANI DAS	[illegible]
1158	BENU DAS[illegible]	MANORANJAN DAS	SUBHADRA DAS	[illegible]
1159	BIMALA DAS[illegible]	KRISHNA CHANDRA DAS	SHAILABALA DAS	[illegible]
1160	SAMARESH BASU[illegible]	SUBAL BASU	MINATI BASU	[illegible]
1161	KAJAL DAS[illegible]	JOGENDRA CHANDRA SINGHA	JAMINI BALA SINGHA	[illegible]
1162	SANJIB DEBNATH[illegible]	NIBARAN DEBNATH	PRIYABALA DEBNATH	[illegible]
1163	JIBAN GOSWAMI[illegible]	BIMAL GOSWAMI	JANA RAI	[illegible]
1164	DULAL DAS[illegible]	BIPIN CHANDRA DAS	BAKUL DAS	[illegible]
1165	RATAN DAS[illegible]	UPENDRA DAS	PRITI BALA DAS	[illegible]
1166	KARTIK DEBBARMA[illegible]	CHANDRA NATH DEBBARMA	MEGHINI DEBBARMA	[illegible]
1167	CHITTARANJAN SHIL[illegible]	DINABANDHU SHIL	BIRALA BALA SHIL	[illegible]
1168	JATINDRA DEBNATH[illegible]	BASANTA DEBNATH	SHOBHA DEBNATH	[illegible]
1169	CHAN MIAH[illegible]	ABDUL MAJID	LALMATI BIBI	[illegible]
1170	SHACHI RANI BHATTACHARJEE[illegible]	CHITTARANJAN CHAKRBORTY	SHURA BALA CHAKRABORTY	[illegible]
1171	GOUTAM DAS[illegible]	HARIDAS DEB	RENUBALA DEB	[illegible]
1172	NIRMAL CHANDRA SAHA[illegible]	REBATI MOHAN SAHA	SALA BALA SAHA	[illegible]
1173	TAPAS SARKAR[illegible]	JATINDRA SARKAR	BIMALA SARKAR	[illegible]
1174	PRABAL SARKAR[illegible]	ASWINI SARKAR	SAHACHARI SARKAR	[illegible]
1175	DIPALI CHAKRABORTY[illegible]	LALMOHAN GOSWAMI	SARDHANI GOSWAMI	[illegible]
1176	PARIMAL SARKAR[illegible]	SACHINDRA SARKAR	KIRAN BALA SARKAR	[illegible]
1177	GOLAP DEBNATH[illegible]	ABANI MOHAN DEBNATH	BINA RANI DEBNATH	[illegible]
1178	SUJIT SINGHA[illegible]	AMAR LAL SINGHA	PARUL BALA SINGHA	[illegible]
1179	KANAI DEBNATH[illegible]	HARMOHAN DEBNATH	HARNI DEBNATH	[illegible]
1180	MARANI SARKAR[illegible]	MANIK SARKAR	DRAPODI SARKAR	[illegible]
1181	MILAN DEB[illegible]	KULAP CHANDRA DEB	SURABALA DEB	[illegible]
1182	REKHA DEBNATH[illegible]	GOPAL DEBNATH	MAYARANI DEBNATH	[illegible]
1183	RAJENDRA DEBNATH[illegible]	SURENDRA DEBNATH	KRISHNAMOHINI DEBNATH	[illegible]
1184	MILAN BALA DAS[illegible]	KHAGENDRA KUMAR DAS	PARUL BALA DAS	[illegible]
1185	HARADHAN DAS[illegible]	KARTIK DEBBARMA	RENUKA DEBBARMA	[illegible]
1186	RAJMOHAN BISWAS[illegible]	RAJMOHAN BISWAS	CHARU BALA BISWAS	[illegible]
1187	ARATI BHOWMIK[illegible]	MAHANANDA SARKAR	SHUKBALA SARKAR	[illegible]
1188	SWAPAN DAS[illegible]	LALMOHAN DAS		[illegible]
1189	TUSHAR KANTI DEBNATH[illegible]	MAKAN GOPAL DEBNATH	CHAYARANI DEBNATH	[illegible]
1190	PRAMILA BLA SINGHA[illegible]	HEMCHANDRA SINGHA ROY	RURACHIK BALA SINGHA ROY	[illegible]
1191	SHANKAR BISWAS[illegible]	NARESH CHANDRA BISWAS	SHACHI RANI BISWAS	[illegible]
1192	VANU CHANDRA SARKAR[illegible]	PRAFULLA CHANDRA SARKAR	PRATIMA SARKAR	[illegible]
1193	NANTU DAS[illegible]	NAGARBASI DAS		[illegible]
1194	SAMIR DEBNATH[illegible]	SUBHASH DEBNATH	PURBA DEBNATH	[illegible]
1195	LAXMI BANIK[illegible]	MANMOHAN MALAKAR	SHAILABALA MALAKAR	[illegible]
1196	JHULAN CH. DAS[illegible]	SUNIL DAS	SHEFALI DAS	[illegible]
1197	RABINDRA CHANDRA DAS[illegible]	DEBENDRA CHANDRA DAS	KUNJA BASI DAS	[illegible]
1198	PRAMOD DEBNATH[illegible]	MAKAN DEBNATH	CHAYA RANI DEBNATH	[illegible]
1199	AMIT SARKAR[illegible]	ROY KISHOR SARKAR	ARATI SARKAR	[illegible]
1200	KUNJA RANI DAS[illegible]	GURU DAYAL BARMAN	PABITRA BARMAN	[illegible]
1201	NANI GOPAL DAS[illegible]	SURENDRA DAS		[illegible]

ICA-D-367/2021-22

■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023

বিজেপি বনমালীপুর মন্ডলের উদ্যোগে এলাকার বয়স্ক নাগরিকদের চিকিৎসা পরিষেবা দেয়া হয় বাড়ি বাড়ি। ছবি নিজস্ব।

করোনা সংক্রমণের জেরে ক্ষতি হচ্ছে মস্তিষ্ক, দাবি গবেষণায়

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.) : করোনা সংক্রমণের জেরে ক্ষতি হচ্ছে মস্তিষ্ক। করোনার উপসর্গ যদি হালকাও হয়ে থাকে তাও এর দীর্ঘমেয়াদী প্রভাব পড়তে পারে মস্তিষ্কে। সম্প্রতি ব্রিটেনে প্রকাশিত একটি গবেষণা পত্রে এমনটাই দাবি করা হয়। সেই গবেষণাতেই দাবি করা হয়,
মেডিক্যাল জার্নাল ল্যানসেটের প্রকাশিত এক গবেষণা পত্রে দাবি করা হয়, করোনা সংক্রমণের জেরে ক্ষতি হচ্ছে গ্রে ম্যাটারের। শুধু তাই নয়, করোনার প্রভাব পড়তে পারে হৃদযন্ত্রেও। আক্রান্ত রোগীর স্মৃতিভ্রমের মতোও সমস্যা দেখা দিতে পারে। তাছাড়া স্নায়ুতন্ত্রের উপরেও এর প্রভাব পড়তে পারে। সাধারণত মনসংযোগের অভাব বা অনিদ্রার মতো সমস্যা দেখা দিতে পারে। এদিকে করোনার জেরে অনেকদিন জ্বর থাকলে বা দীর্ঘদিন অক্সিজেন সাপোর্টে থাকতে হলে এই সমস্যা আরও গুরুতর আকার ধারণ করতে পারে বলে জানা গিয়েছে।

ব্রিটেনবাসীর চিকিতা সংক্রান্ত যাবতীয় তথ্য মজুত থাকে ইউকে বায়োব্যাঙ্ক নামক এক সংস্থার কাছে। করোনা সংক্রমণ শুরুর আগে এই সংস্থা ৪০ হাজার মানুষের মস্তিষ্কের স্ক্যান পরীক্ষা করেছিল। এদের মধ্যে যাঁরা করোনা সংক্রমিত হন, তাঁদের মস্তিষ্কের ফের একবার স্ক্যান করানো হয়। সেই সব রোগীদের মধ্যে থেকে মোট ৭৮২ করোনা আক্রান্তের উপর এই পরীক্ষা চালানো হয়। দেখা গিয়েছে, অধিকাংশের গ্রে ম্যাটারের ক্ষতি হয়েছে। অর্থাত মগজ ক্ষয়ে গিয়েছে। এছাড়াও ফুসফুস, কিডনি, শ্বাসনালী, খাদ্যনালী, চোখ, ত্বকের মতো অঙ্গও প্রভাবিত হতে পারে করোনার জেরে।

রেগার কাজ নিয়ে মুঙ্গিয়াকামীতে ধুন্ধুমার কান্ড

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৯ জুন।। একদিকে এম জি এম রেগা কাজের দুর্নীতি অন্যদিকে যারা শ্রমিকরা রেগা কাজ করতে গিয়ে বাধার সম্মুখীন। এই দুয়ের মধ্যে রেগা শ্রমিকরা কোন কূল কিনারা পাচ্ছে না। ফের একবার মুঙ্গিয়াকামি ব্লকের দক্ষিণ মহারানী এডিসি ভেলিজের ৩ নং ওয়ার্ডে রেগা শ্রমিকরা রেগার কাজ করতে গিয়ে বাঁধা দেয় মুষ্টিমেয় কয়েকজন রাজনৈতিক লোকেদের দ্বারা।
এবং এক সময় পরিস্থিতি উত্তপ্ত হয়ে রেগা শ্রমিক মহিলাদের উপর আক্রমণ হয়। রেগা শ্রমিকরা কাজ না করেই বাড়ি মুখি হতে হয়েছে।মুঙ্গিয়াকামি ব্লক থেকে ১০ দিনের রেগার কাজ বের হয়। সেই কাজের বরাদ্দ অনুসারে শান্তিপূর্ণভাবে দুদিনের কাজ করে রেগা শ্রমিকরা। শনিবার রেগা শ্রমিকরা কাজ করতে গেলে মুষ্টিমেয় কয়েকজন রাজনীতিক দলের যুবকরা কাজ করা অবস্থায় মহিলাদের কাজে বাধা দেয়।
রেগা শ্রমিকদের অভিযোগ তাদের ওপর হামলা করার জন্য ওই যুবক গুলি প্রস্তুতি নেই। পরে মুঙ্গিয়াকামী থানার দ্বিতীয় পুলিশ অফিসার চন্দন দেববর্মা পুলিশ বাহিনী নিয়ে ঘটনাস্থলে পৌছায়। পুলিশ গিয়ে উত্তপ্ত পরিবেশ নিয়ন্ত্রণে আনে। তবে এইদিন কাজ না করে রেগা শ্রমিকরা বাড়িতে চলে আসতে হয়। তবে প্রশ্ন থেকেই যায় বাকি আট দিনের কাজ কি রেগা শ্রমিকরা করতে পারবে।

বিদ্যুৎ চপলতায় অতিষ্ট গ্রাহকরা রাগে ঘেরাও করলেন ডুকলীর অফিস

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুন।। বিদ্যুৎ সমস্যায় রীতিমতো অতিষ্ঠ ডুকলী ব্লক এলাকার সাধারণ মানুষজন। বিদ্যুৎ সমস্যার সমাধানের জন্য বারবার কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়ে ও ইতিবাচক কোনো সাড়া পাচ্ছেন না এলাকাবাসী।
ডুকলী আর ডি ব্লকের অন্তর্গত কাঞ্চনমালা, মধুবন এবং রানিখামার এই তিনটি এলাকার মানুষ গত তিন চার মাস ধরে বিদ্যুতের সমস্যায় ভুগছেন। এতদিন এই তিনটি এলাকার মানুষ ঝরঝরিয়া স্থিত সূর্যমনি নগর পাওয়ার গ্রীড সাবস্টেশন থেকে বিদ্যুৎ পেত। তখন মানুষের কোন সমস্যা ছিলনা। বিদ্যুৎ নিয়ে হঠাৎই গত তিন চার মাস আগে সূর্যমনি নগর পাওয়ার গ্রীড সাবস্টেশন থেকে এই তিনটি এলাকাতে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দেওয়া হয় ।সাব-স্টেশনের একটি মেশিন নষ্ট অজুহাতে এসব এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখা হয়। পরবর্তী সময়ে বিদ্যুৎ লাইন দেওয়া হয় আমতলী সেকেরকোট থেকে। তাতেই সমস্যায় পড়েছেন তিনটি এলাকার সাধারণ নাগরিকরা। এলাকার মানুষের অভিযোগ ২৪ঘণ্টার মধ্যে বেশিরভাগ সময়ই বিদ্যুৎ থাকেনা ।মানুষের বাড়িঘরে বিদ্যুৎ আসছে যাচ্ছে প্রায় প্রতিদিনই।
একবার বিদ্যুৎ চলে গেলে প্রায় ১২ঘন্টার মত বিদ্যুতের দেখা মিলে না। বিদ্যুৎ দপ্তর এর কন্টোল রুমে ফোন করলে সেখান থেকে বলে দেওয়া হয় লাইনে ফল্ট রয়েছে। আর এই সমস্যা নিয়ে এলাকার মানুষ বেশ কয়েকবার সূর্যমনি নগর পাওয়ার গ্রীড সাবস্টেশনে বিষয়টি জানালে সাব-স্টেশনের ইনচার্জ এর দায়িত্বে থাকা প্রদ্যুৎ ঘোষ বারবারই শুধু সময়ের পর সময় দিয়ে যাচ্ছেন। সমস্যার সমাধান আর হচ্ছে না। গত এক সপ্তাহ আগেও এলাকার মানুষ সূর্যমনি নগর পাওয়ার গ্রীড সাবস্টেশনে প্রতিবাদ বিক্ষোভ ও ঝর্ণা সংগঠিত করেন। তখনো বলা হয়েছিল এক সপ্তাহ পরে বিদ্যুতের সমস্যা সমাধান হয়ে যাবে ।কিন্তু সোমবারের পরেও বিদ্যুতের সমস্যার কোনো সুরাহা হলো না। শেষপর্যন্ত শনিবার দুপুরে তিনটি এলাকার মানুষ একত্রিত হয়ে সূর্যমনি নগর পাওয়ার গ্রীড সাবস্টেশন ঘেরাও করেন। ভুক্তভোগী জনগণের দাবি কালবিলম্ব না করে এলাকায় বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করতে হবে। আজও সূর্যমনি নগর পাওয়ার গ্রীড সাবস্টেশন ইনচার্জ প্রদ্যুৎ ঘোষের সাথে কথা বললে উনি আবারো সময়ের পর সময় বেঁধে দিচ্ছেন। কিন্তু কবে নাগাদ এই সমস্যা থেকে মুক্তি পাবে মানুষ তা সঠিকভাবে কোনো আশ্বাস দিতে পারছেন না। কবে
নাগাদ সমস্যার সমাধান হবে তা হয়তো উনি নিজেও জানেন না। সাংবাদিকরা সূর্যমনি নগর পাওয়ার গ্রীড সাবস্টেশন এর ইনচার্জ প্রদ্যুৎ ঘোষকে জিজ্ঞাসা করতে গেলে ইনচার্জ প্রদ্যুৎ ঘোষ সাংবাদিকের ক্যামেরার মুখোমুখি হতে নারাজ। তিনটি এলাকার মানুষ এই বিদ্যুতের সমস্যা থেকে কবে নাগাদ সুরাহা পাবেন তা নিয়ে প্রশ্ন চিহ্ন রয়েই গেল। বিদ্যুৎ নিগমের কর্মকর্তাদের ভূমিকার তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন এলাকাবাসী ।এলাকাবাসী রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে দাবি জানিয়েছেন যে খুব শীঘ্রই যেন কাঞ্চনমালা রানিখামার এবং মধুবন এই তিনটি এলাকার মানুষকে বিদ্যুতের সমস্যা থেকে মুক্তি দেওয়া হয়। এখন দেখার বিষয় হল সংশ্লিষ্ট বিদ্যুৎ দপ্তর এবং সরকার বিদ্যুতের সমস্যা সমাধান করতে কি ভূমিকা পালন করে।

টিএসআর জওয়ানের উদাসীন কর্মকান্ড অল্পতে প্রাণে বাঁচলেন এলাকার লোকজন

নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ১৯ জুন।। এক টি এস আর জোয়ানের খামখেয়ালিপনায় বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল সরসপুর গ্রাম পঞ্চায়েতের ৩ নং ওয়ার্ডের জনগন। অভিযুক্ত টিএসআর জোয়ান ১৩ নং ব্যাটেলিয়ানের ছানা কান্ত দাস। ঘটনা উত্তরের কদমতলা থানাধীন সরসপুর এলাকায় ।এলাকা জুড়ে তীব্র উত্তেজনা। জানা গেছে, সরসপুর গ্রাম পঞ্চায়েতে গতকাল রাত্রিবেলা বিদ্যুৎ বিভ্রাটের চরমসীমা দেখা দেয়। কোন অবস্থাতেই বিদ্যুৎ নিগমের দফতরের কর্মীরা বিদ্যুৎ লাইন টিকাতে পারছেন না।

এমতাবস্থায় স্থানীয় পঞ্চায়েতের ৩ নং ওয়ার্ডের জনগণ তীব্র গরমের প্রভাবে নাজেহাল হয়ে নিজ উদ্যোগে একত্রিত ভাবে প্রতিটি বাড়িসহ বিদ্যুতের লাইন চেক করতে শুরু করেন ।তখন বিকেল পেরিয়ে রাত প্রায় ৯ টা ছুঁই ছুঁই। ঠিক তখন কদমতলা বিদ্যুৎ দপ্তর থেকে ঢিল ছুড়া দূরে ছানা কান্ত দাস নামের ব্যক্তির বাড়ির বাউন্ডারি কাঁটাতারে পাশ দিয়ে স্থানীয় এলাকাবাসী যাচ্ছিলেন। তখন জনৈক রাজু ভৌমিক নামের সানীয় যুবকের হাত লাগে বাউন্ডারির কাঁটাতারে ।আর তাতে স্থানীয় যুবক রাজু ভৌমিকের হাতে বিদ্যুতের ঝাটকা লাগলে আতঙ্কিত হয়ে পড়েন স্থানীয় ৩ নং ওয়ার্ডের জনগণ।

তড়িঘড়ি খবর দেওয়া হয় কদমতলা থানা ও বিদ্যুৎ দপ্তরে। খবর পেয়ে বিদ্যুৎ দপ্তরের কর্মীরা ঘটনাস্থলে গিয়ে দেখতে পান,বাড়ি মালিক ছানা কান্ত দাস তার বাড়ির বাউন্ডারির কাঁটাতারে বিদ্যুৎ সংযোগ করে রেখেছেন। তখন বিদ্যুৎ দপ্তরের কর্মীরা বাউন্ডারির কাঁটাতার থেকে বিদ্যুৎ বিচ্ছিন্ন করে দেন। এমন কান্ড দেখে স্থানীয় জনগণ উত্তেজিত হয়ে পড়েন ।কিন্তু আশ্চর্যের বিষয় হলো বাড়ির মালিক ছানা কান্ত দাস ঘর তালা মেরে কোথায় যেন বেড়াতে গিয়েছেন। আর কাঁটাতারের বাউন্ডারিতে রেখে গেছেন মরণফাঁদ।

এলাকাবাসী সুত্রে জানা গেছে, বাড়ি মালিক ছানা কান্ত দাস পেশায় একজন আইনের রক্ষক। ত্রিপুরা স্টেট রাইফেলসের ১৩ নং ব্যাটেলিয়ানে কর্মরত জোয়ান। তবে ঘটনা মীমাংসা হওয়ার পর শেষ যাত্রায় পুলিশের একজন কনস্টেবল ঘটনাস্থলে গিয়ে নাম রক্ষা করেছে। এদিকে স্থানীয় জনগণ অভিযুক্ত টিএসআর জোয়ানের বিরুদ্ধে এক রাশ ক্ষোভ উগড়ে দিয়েছেন। স্থানীয়রা বলেন যদি ছানাবাবুর বাউন্ডারি কাঁটাতারের বিদ্যুতের ছোবলে কারোর প্রাণ যেত তখন সেই মৃত্যুর দায়ভার কে কে নিতো। তবে একজন আইনের রক্ষক হয়ে এমন উদাসীনতা মনোভাবে বড়সড় বিপদ ডেকে আনতে পারতো।

‘হু’র উদ্বেগ বাড়াচ্ছে করোনার নতুন স্ট্রেন ল্যাম্বডা

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.) : এবার মারণ ভাইরাসের আরও এক স্ট্রেন নিয়ে উদ্বেগ প্রকাশ করল বিশ্ব স্বাস্থ্য সংস্থা ‘হু’। করোনার নতুন এই স্ট্রেনের নাম ল্যাম্বডা । গত আগস্টে পেরুতে প্রথমবার ধরা পড়েছিল এই স্ট্রেনটির অস্তিত্ব। তারপর থেকে অন্তত ২৯টি দেশে ছড়িয়ে পড়েছে করোনার ল্যাম্বডা স্ট্রেন । এবার এই স্ট্রেনকে ‘গ্লোবাল ভ্যারিয়্যান্ট অফ ইন্টারেস্ট’ তালিকাভুক্ত করল ‘হু’।
জানা গিয়েছে, গত এপ্রিল পর্যন্ত পেরুতে যতজন করোনায় আক্রান্ত হয়েছেন তাঁদের মধ্যে ৮১ শতাংশই এই স্ট্রেনের দ্বারাই সংক্রমিত হয়েছেন। গত ২ মাসে চিলিতে ৩২ শতাংশের সংক্রমণের পিছনেও এই স্ট্রেন। ইকুয়েডর, আর্জেন্টিনাতেও বাড়ছে এই স্ট্রেনের দাপট। আপাতত স্ট্রেনটিকে পর্যবেক্ষণে রাখতে চাইছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। এখনই একে ‘গ্লোবাল ভ্যারিয়্যান্ট অব কনসার্ন’ তথা বিশ্বব্যাপী উদ্বেগজনক স্ট্রেনের মধ্যে না ধরলেও যেভাবে এটি দক্ষিণ আমেরিকায় ছড়িয়ে পড়ছে, তাতে অদূর ভবিষ্যতে এই স্ট্রেনটির বাড়বাড়ন্ত হওয়ার আশঙ্কা উড়িয়ে দিচ্ছে না ‘হু’। আপাতত পর্যবেক্ষণ করে দেখা গিয়েছে, এর সংক্রমণ ক্ষমতা বেড়ে চলেছে দ্রুত। অ্যান্টিবডিকে নষ্ট করে দিচ্ছে এই স্ট্রেন। তাতেই বাড়ছে উদ্বেগ।

সুস্থতা ৯৬.১৬ শতাংশ, ভারতে ৩৯-কোটি ছুঁইছুঁই কোভিড-টেস্ট

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.): ভারতে ৩৮.৯২-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল করোনা-পরীক্ষার সংখ্যা। শনিবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৮ জুন সারা দিনে ভারতে ১৯, ০২,০০৯ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৩৮, ৯২,০৭,৬৩৭-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ১৯,০২, ০০৯ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৬০ হাজার ৭৫৩ জন।
বিগত ২৪ ঘন্টায় সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমেছে ৩৮,৬৩৭ জন, ফলে এই মুহূর্তে মোট চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা ৭,৬০, ০১৯ জন (২.৫৫ শতাংশ)। বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনা-মুক্ত হয়েছেন ৯৭ হাজার ৭৪৩ জন। শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-আক্রান্ত ৩,৮৫,১৩৭ জনের মৃত্যু হয়েছে (১.২৯ শতাংশ)। বিগত ২৪ ঘন্টায় মৃত্যু হয়েছে ১,৬৪৭ জনের। ভারতে সুস্থতার সংখ্যা বেড়ে হয়েছে ২, ৮৬,৭৮,৩৯০ জন (৯৬.১৬ শতাংশ)।

করোনায় প্রয়াত গুরুপ্রসাদ মহাপাত্র শোক প্রকাশ করলেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৯ জুন (হি. স.) : করোনায় প্রাণ হারালেন ডিপার্টমেন্ট অব ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেডের সচিব ডঃ গুরুপ্রসাদ মহাপাত্র। করোনা পরবর্তী সমস্যা নিয়ে দিল্লির এইমস হাসপাতালে ভর্তি হয়েছিলেন গুরুপ্রসাদ। সেখানেই চিকিৎসা চলাকালীন শনিবার সকালে প্রাণ হারান তিনি। গুরুপ্রসাদের মৃত্যুতে টুইট করে শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। করোনার দ্বিতীয় ঢেউয়ে সারা দেশে যুদ্ধকালীন তৎপরতায় অক্সিজেন পৌঁছে দেওয়ার কাজ করেছিল কেন্দ্র। কেন্দ্রের সেই অক্সিজেন দ্রুত পৌঁছে দিতে নায়কের ভূমিকায় কাজ করেছিলেন ডিপার্টমেন্ট অব ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেডের সচিব গুরুপ্রসাদ মহাপাত্র।

ভারত-চিন সীমান্তে সতর্ক রয়েছে ভারতীয় সামরিক বাহিনী ঃ বায়ুসেনা প্রধান

নয়াদিল্লি, ১৯ জুন (হি.স.) : গালওয়ান সংঘর্ষের থেকে শিক্ষা নিয়ে এখন আরও শক্তিশালী ভারতীয় সামরিক বাহিনী। চিন সীমান্তে ভারত আগের থেকে অনেক বেশি সজ্জিত ও সতর্ক। এমনটাই জানালেন ভারতীয় বায়ুসেনা প্রধান এয়ার চিফ মার্শাল আরকেএস ভাদৌরিয়া। শনিবার বায়ুসেনা অ্যাকাডেমির একটি স্নাতক প্যারেড অনুষ্ঠানে অংশ নেন বায়ুসেনা প্রধান। এরপরই এই বিষয়ে সাংবাদিকদের কাছে মুখ খোলেন তিনি। তিনি দাবি করেন, আকাশপথে আরও শক্তিশালী হবে।
এদিন বায়ুসেনা প্রধান বলেন, ”নিরাপত্তা পোক্ত করা হচ্ছে। আমূল পরিবর্তন হবে বায়ুসেনাতেও। প্রতিবেশী পাকিস্তান ও চিনের ভৌগলিক এবং কূটনৈতিক অস্থিরতার কথা মাথায় রেখেই এই বদলের সিদ্ধান্ত। ভারতীয় বায়ুসেনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিবর্তন হতে চলেছে। আরও বেশি করে প্রযুক্তির ব্যবহার হবে সামরিক ক্ষেত্রে।”
তিনি আরও বলেন, ”গত কয়েক দশকে ভারতের সামরিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বায়ুসেনা। এর ফলে বায়ুসেনার গুরুত্ব বেড়েছে। বায়ুসেনার এই রূপান্তর অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বর্তমানে ফের নিরাপত্তা সংক্রান্ত চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে দেশ।” এর পর তিনি জানান, ২০২২ সালের মধ্যেই ভারতীয় বায়ুসেনায় অন্তর্ভুক্ত হবে ৩৬টি রাফাল যুদ্ধবিমান। উল্লেখ্য, সীমান্তে পাকিস্তান এবং চিনের চোখ রাঙানি ঠেকাতে ভারতের অন্যতম হাতিয়ার এখন রাফাল।

ইরানের পরবর্তী প্রেসিডেন্ট হতে চলেছেন ইব্রাহিম রাইসি

তেহরান, ১৯ জুন (হি.স.) : ইরানের পরবর্তী প্রেসিডেন্ট হতে চলেছেন ইব্রাহিম রাইসি। ভোট গণনার ফল বলছে বিপুল ভোটে জয়ী হচ্ছেন ইব্রাহিম রাইসি। এখনও যেহেতু ভোট গণনা চলছে, তাই সরকারি ঘোষণা হয়নি। ইতিমধ্যে নির্বাচনে তাঁর প্রধান প্রতিপক্ষ আবদুল নাসের হেম্মাতি-সহ অন্যান্য প্রতিদ্বন্দ্বীরা তাঁকে শুভেচ্ছাবার্তাও পাঠিয়ে দিয়েছেন। একাধিক ইরানের সংবাদমাধ্যমের পক্ষ থেকে এই খবর জানানো হয়েছে। মধ্যপ্রাচ্যের দেশটির বর্তমান রাষ্ট্রপতি হাসান রৌহানিও সরকারিভাবে না হলেও শুভেচ্ছা জানিয়েছেন ইব্রাহিম রাইসিকে।
ইরানে সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতোল্লা আলি খামেনেইয়ের পরেই সেদেশের রাষ্ট্রপতির পদ। দেশের একাধিক গুরুত্বপূর্ণ ক্ষমতার অধিকারী হন তিনি। এতদিন এই পদে ছিলেন হাসান রৌহানি। এবার তাঁর জায়গাতেই রাষ্ট্রপতি হতে চলেছেন ৬০ বছর বয়সি রাইসি। বর্তমানে তিনি ইরানের প্রধান বিচারপতি পদে রয়েছেন। এর আগে ২০১৭ সালেও প্রেসিডেন্ট নির্বাচনে দাঁড়িয়েছিলেন তিনি। কিন্তু হেরে যান হাসান রৌহানির কাছে। তা সত্ত্বেও রাইসির জনপ্রিয়তা গোটা দেশেই বৃদ্ধি পেয়েছিল। এবারের নির্বাচন জেতার ব্যাপারেও এগিয়ে ছিলেন ইরানের সংখ্যাগুরু শিয়া সম্প্রদায়ের এই কট্টরপন্থী নেতা। আহমেদিনিজাদের মতো শক্তিশালী প্রার্থীরা আগেই প্রার্থী তালিকা থেকে বাদ পড়েছিলেন। তাই বাকি প্রতিদ্বন্দ্বীদের তুলনায় রাইসির ভোটে জয় পাওয়া ছিল স্রেফ সময়ের অপেক্ষা। বর্তমান রাষ্ট্রপতি হাসান রৌহানি নাম করেই একটি টিভি চ্যানেলে বিবৃতিতে বলেছেন, “মানুষের দ্বারা নির্বাচিত। সরকারি ভাবে এখনও ঘোষণা না হওয়ায় আমি নাম করে শুভেচ্ছা জানাচ্ছি না। তবে বোঝা যাচ্ছে ভোট কে পাচ্ছেন?”
প্রসঙ্গত, হাসান রৌহানি কিছুটা নরমপন্থী হলেও ইব্রাহিম রাইসি অনেকটাই কট্টরপন্থী হিসেবেই বিশ্বে পরিচিত। দেশের অভ্যন্তরেও অন্যতম ক্ষমতাশালী তিনি। বরাবরই আমেরিকা-সহ পশ্চিমী দেশগুলির তীব্র সমালোচনাও করে এসেছেন। এমনকী মানবাধিকার লঙ্ঘনের জন্য রাইসির উপর নিষেধাজ্ঞা চাপিয়েছে আমেরিকা। যদিও বর্তমানে আমেরিকার ক্ষমতাসীন বাইডেন প্রশাসন ইরানের প্রতি কিছুটা হলেও নরম মনোভাব নিয়েছে। কূটনৈতিক মহলের মতে, ট্রাম্প জমানার বিবাদ ভুলে ইরানের সঙ্গে নিজেদের বিবাদ মেটাতে চাইছেন জো বাইডেনও। আর তাই তো সম্প্রতি মধ্যপ্রাচ্য থেকে মিসাইল সিস্টেম সরানোর সিদ্ধান্ত নিয়েছে আমেরিকা। কিন্তু এখন দেখার রাইসির এই পদে বসার পর দু'দেশের সম্পর্ক কেমন হয়।

কোভিড-সংক্রমণ বেড়ে ৯৮,১৩৫ ব্রাজিলের দৈনিক মৃত্যু ২,৪৪৯ জনের

রিও ডি জেনেইরো, ১৯ জুন (হি.স.): করোনার প্রকোপে ক্লান্ত ব্রাজিলে কখনও বাড়ছে, কখনও আবার কমছে দৈনিক কোভিড-সংক্রমণ, একই ট্রেন্ড মৃত্যুর সংখ্যাতেও। বিগত ২৪ ঘন্টায় ব্রাজিলে করোনা-সংক্রমিত ২,৪৪৯ জন রোগীর মৃত্যু হয়েছে, এই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ৯৮,১৩৫ জন। ফলে ব্রাজিলে ৪ লক্ষ ৯৮ হাজারেরও বেশি করোনা-আক্রান্ত রোগীর মৃত্যু হয়েছে। বিগত ২৪ ঘন্টায় (শুক্রবার সারা দিনে) ব্রাজিলে নতুন করে ২,৪৪৯ জনের মৃত্যু হয়েছে, ফলে ব্রাজিলে করোনায় মৃতের সংখ্যা ৪ লক্ষ ৯৮ হাজার ৬২১-তে পৌঁছেছে।
আগের দিনের তুলনায় ব্রাজিলে অনেকটাই বেড়েছে নতুন করোনা-আক্রান্তের সংখ্যা, শুক্রবার সারাদিনে ব্রাজিলে নতুন করে ৯৮, ১৩৫ জন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। সবমিলিয়ে এযাবৎ ব্রাজিলে ১৭,৮০২,১৭৬ জন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। তাঁদের মধ্যে সুস্থ হয়েছেন ১৬,১৩৬,৯৬৮ জন। ব্রাজিলে এই মুহূর্তে সক্রিয় রোগীর সংখ্যা ১, ১৬৬,৫৮৭ জন।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।